BCS PIONEER

BCS PIONEER অ্যাপ - আপনার প্রস্তুতির সেরা সঙ্গী

বিষয়/টপিক: বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় (পদের নাম: সহকারী পরিচালক) (পরীক্ষার

পরীক্ষার তারিখ: ১৫-০৯-২০২৫ইং) মোট প্রশ্ন: 100 টি

1. 'ডেঙ্গু' শব্দের উৎস ভাষা-

(ক) ইংরেজি (খ) পর্তুগিজ
(গ) স্প্যানিশ (ঘ) তুর্কি

সঠিক উত্তর: c

2. 'রাজা যায় রাজা আসে' কাব্য গ্রন্থের রচয়িতা-

(ক) আবুল হাসান (খ) আবুল হুসেন
(গ) আবুল ফজল (ঘ) শামসুর রহমান

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: রাজা যায় রাজা আসে (কাব্যগ্রন্থ) – আবুল হাসান উৎসর্গ
আমার মা আমার মাতৃভূমির মতোই অসহায়
প্রথম প্রকাশ – ডিসেম্বর ১৯৭২।
সে এক পাথর আছে কেবলি লাবণ্য ধরে, উজ্জ্বলতা ধরে আর্দ্র,
মায়াবী করুণ এটা সেই পাথরের নাম নাকি? এটা তাই?
এটা কি পাথর নাকি কোনো নদী? উপগ্রহ? কোনো রাজা?
পৃথিবীর তিনভাগ জলের সমান কারো কান্না ভেজা চোখ?
মহাকাশে ছড়ানো ছয়টি তারা? তীব্র তীক্ষ্ণ তমোহর
কী অর্থ বহন করে এই সব মিলিত অক্ষর?
আমি বহুদিন একা একা প্রশ্ন করে দেখেছি নিজেকে,
যারা খুব হৃদয়ের কাছাকাছি থাকে, যারা এঘরে ওঘরে যায়
সময়ের সাহসী সন্তান যারা সভ্যতার সুন্দর প্রহরী
তারা কেউ কেউ বলেছে আমাকে—
এটা তোর জন্মদাতা জনকের জীবনের রুগ্ন রূপান্তর,
একটি নামের মধ্যে নিজেরি বিস্তার ধরে রাখা, তুই যার অনিচ্ছুক দাস!
হয়তো যুদ্ধের নাম, জ্যোৎস্নায় দুরন্ত চাঁদে ছুঁয়ে যাওয়া,
নীল দীর্ঘশ্বাস কোনো মানুষের! সত্যিই কি মানুষের?
তবে কি সে মানুষের সাথে সম্পর্কিত ছিল, কোনোদিন
ভালোবেসেছিল সেও যুবতীর বামহাতে পাঁচটি আঙ্গুল?
ভালোবেসেছিল ফুল, মোমবাতি, শিরস্ত্রাণ, আলোর ইশকুল?

3. মীর মশাররফ হোসেনের 'মোসলেম বীরত্ব' কোন ধরনের গ্রন্থ?

(ক) প্রবন্ধ (খ) উপন্যাস
(গ) কাব্যগ্রন্থ (ঘ) নাটক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
— 'মোসলেম বীরত্ব' মীর মশাররফ হোসেন রচিত একটি বিখ্যাত কাব্যগ্রন্থ, যা ১৯০৭ সালে প্রকাশিত হয়।
— তাঁর রচিত অপর একটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ হলো 'গোরাই-ব্রিজ অথবা গৌরী-সেতু' (১৮৭৩)।
— মীর মশাররফ হোসেনের শ্রেষ্ঠ ও কালজয়ী উপন্যাস হলো 'বিষাদ-সিন্ধু' (১৮৮৫-১৮৯১)।
— তাঁর রচিত বিখ্যাত এবং প্রথম নাটক হলো 'বসন্তকুমারী' (১৮৭৩), যা বাংলা সাহিত্যে মুসলিম রচিত প্রথম নাটক। এছাড়াও 'জমিদার দর্পণ' (১৮৭৩) তাঁর রচিত একটি সুপরিচিত নাটক।

4. মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত কাব্যগ্রন্থ কোনটি?

(ক) নেকড়ে অরণ্য (খ) বন্দী শিবির থেকে
(গ) জীবন ও রাজনৈতিক বাস্তবতা (ঘ) প্রিয়যোদ্ধা প্রিয়তম

সঠিক উত্তর: b

5. কোন বানানটি অশুদ্ধ?

(ক) তিরষ্কার (খ) আবিষ্কার
(গ) পরিষ্কার (ঘ) পুরস্কার

সঠিক উত্তর: a

6. চর্যাপদে কতজন কবির পদ রয়েছে?

(ক) ২১ জন (খ) ২৩ জন
(গ) ২২ জন (ঘ) ২৪ জন

সঠিক উত্তর: d

BCS PIONEER

7. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়।' চরণটির রচয়িতা-

(ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত
(খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
(গ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
(ঘ) মধুসূদন দত্ত

সঠিক উত্তর: c

8. 'পঞ্চপাণ্ডব' বলা হয়-

(ক) ত্রিশের কবিদের
(খ) চল্লিশের কবিদের
(গ) পঞ্চাশের কবিদের
(ঘ) রবীন্দ্রযুগের কবিদের

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
বাংলা সাহিত্যের পঞ্চপাণ্ডব বলতে বিখ্যাত পাঁচজন বিখ্যাত কবিকে আখ্যায়িত করা হয়। বিশিষ্ট পাঁচজন কবি যারা রবীন্দ্র প্রভাবের বাইরে গিয়ে বাংলা ভাষার আধুনিক কবিতা সৃষ্টি করতে সক্ষম হয়েছেন তাদেরকে ইতিহাসে বাংলা সাহিত্যের পঞ্চপাণ্ডব বলা হয়।

পাঁচজন বিখ্যাত কবি আধুনিক বাংলা কবিতায় অসমান্য অবদান রাখায় যে পাঁচজন কবিকে বাংলা সাহিত্যে পঞ্চপাণ্ডব বলা হয় তারা হলেনঃ-

1. বুদ্ধদেব বসু (১৯০৮ - ১৯৭৪):

আধুনিক বাংলা কবিতার অন্যতম রূপকার এবং "কবিতা" পত্রিকার সম্পাদনার জন্য পরিচিত।

2. জীবনানন্দ দাশ (১৮৯৯ - ১৯৫৪):

আধুনিক বাংলা কবিতার অন্যতম শ্রেষ্ঠ কবি, যার কবিতায় প্রকৃতির এক নতুন চিত্র দেখা যায়।

3. সুধীন্দ্রনাথ দত্ত (১৯০১ - ১৯৬০):

"পরিচয়" পত্রিকার সাথে যুক্ত ছিলেন এবং আধুনিক কবিতার ধারাকে সমৃদ্ধ করেছেন।

4. বিষ্ণু দে (১৯০৯ - ১৯৮২):

সামাজিক ও রাজনৈতিক সচেতনতা সমৃদ্ধ কবিতার জন্য পরিচিত।

5. অমিয় চক্রবর্তী (১৯০৩ - ১৯৮৬):

শান্তিনিকেতনের সাথে যুক্ত ছিলেন এবং তার কবিতায় গভীর দার্শনিক ভাবনা দেখা যায়।

9. 'স্বাধীন' এর সন্ধি বিচ্ছেদ-

(ক) স্ব + অধীন
(খ) স্বা + অধীন
(গ) স্বা + ধীন
(ঘ) স্ব + দ্বীন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
'স্বাধীন' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো স্ব + অধীন। এটি একটি বাংলা স্বরসন্ধি, যেখানে 'স্ব' শব্দের শেষের 'অ' এবং 'অধীন' শব্দের 'অ' মিলে 'আ' হয়।

'অ + অ = আ' হয়েছে। যেমন: নরাধম, হিমাচল, হিতাহিত ইত্যাদি।

10. 'ষ্ণ' যুক্তবর্ণটির মধ্যে রয়েছে-

(ক) ঞ+ষ
(খ) ষ্+ঞ
(গ) ষ্+ন
(ঘ) ষ্+ণ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
'ষ্ণ' যুক্তবর্ণটির মধ্যে 'ষ' এবং 'ণ' এই দুটি বর্ণ রয়েছে, অর্থাৎ এটি গঠিত হয়েছে 'ষ' + 'ণ' দ্বারা।

উদাহরণ: উষ্ণতা (উষ্ + ণতা), কৃষ্ণ (কৃষ্ + ণো), তৃষ্ণা (তৃষ্ + ণা), সহিষ্ণু (শোহিষ্ + ণু).

11. মৌলিক শব্দ কোনটি?

(ক) কবিতা
(খ) কলম
(গ) কাব্য
(ঘ) পদ্য

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ যেসব শব্দকে বিশ্লেষণ করলে আর কোনো অর্থপূর্ণ শব্দ পাওয়া যায় না, তাকে মৌলিক শব্দ বলে। যেমন: গোলাপ, নাক, লাল, তিন, হাত, মা, বাবা ইত্যাদি হলো মৌলিক শব্দ। এগুলোকে আর ভাঙা যায় না, ভাঙলে কোনো অর্থসঙ্গতিপূর্ণ শব্দ থাকে না।

মৌলিক শব্দের উদাহরণ:

কলম, গোলাপ, ফুল, ফল: এগুলোকে ভাঙলে কোনো অর্থপূর্ণ শব্দ পাওয়া যায় না।

নাক, কান, হাত, পা: এগুলোও মৌলিক শব্দ, কারণ এদেরকে ভাঙলে অন্য কোনো অর্থপূর্ণ শব্দ পাওয়া যায় না।

লাল, নীল, তিন, চার: সংখ্যা বা রংবাচক শব্দগুলোও মৌলিক।

মা, বাবা, ভাই, বোন: এগুলোও মৌলিক শব্দ।

সকাল, রাত, চাঁদ, দিন: এগুলোও মৌলিক শব্দ।

12. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা?

(ক) চতুর্দশী
(খ) চতুষ্পাষ্ঠী
(গ) চতুষ্কোণ
(ঘ) চতুরঙ্গ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
রবীন্দ্রনাথ ঠাকুরের একটি রচনা হলো চতুরঙ্গ। 'চতুরঙ্গ' তাঁর একটি সামাজিক-মনস্তাত্ত্বিক উপন্যাস এবং এটি তাঁর সাধুভাষায় লেখা সর্বশেষ উপন্যাস, যা ১৯১৬ সালে প্রকাশিত হয়েছিল।

রবীন্দ্রনাথ ঠাকুর মোট ১২ টি উপন্যাস রচনা করেন।

13. 'কোকিল' এর সমার্থক শব্দ কোনটি?

BCS PIONEER

(ক) ইন্দু
(খ) কলকণ্ঠ
(গ) মহি
(ঘ) বিধু

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ 'কোকিল' শব্দের প্রতিশব্দ: পরভৃত, পিক, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, কলকণ্ঠ, বসন্তদূত।
➤ 'পরভৃৎ' অর্থ কাক।

14. রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন?

(ক) বিসর্জন
(খ) ডাকঘর
(গ) অচলায়তন
(ঘ) বসন্ত

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
রবীন্দ্রনাথ ঠাকুর তার 'বসন্ত' নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন। তেমনি কাজী নজরুল ইসলামও তার 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করেন।
নাটকের নাম: বসন্ত উৎসর্গীকৃত ব্যক্তি: কাজী নজরুল ইসলাম
গীতি ও নাট্যধারা: এটি একটি পালাগান এবং নাটকের আঙ্গিকে রচিত রবীন্দ্রনাথের প্রথম ঋতুনাট্য।
বিষয়বস্তু: বসন্তের আগমন ও বিদায় নিয়ে এর আখ্যান।
অন্যান্য প্রসঙ্গ: রবীন্দ্রনাথ ঠাকুর অসুস্থ থাকায় তিনি নিজে না দিয়ে পবিত্র গঙ্গোপাধ্যায়ের মাধ্যমে এই নাটকটি নজরুল ইসলামের কাছে পাঠিয়েছিলেন।

15. 'রাজমিস্ত্রী' শব্দের ব্যাসবাক্য-

(ক) রাজার মিস্ত্রী
(খ) রাজ যে মিস্ত্রী
(গ) মিস্ত্রী যার রাজা
(ঘ) মিস্ত্রীর রাজা

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
✪ পূর্বপদে ষষ্ঠী বিভক্তি (র, এর) লোপ পেয়ে যে সমাস হয় তাই ষষ্ঠী তৎপুরুষ সমাস। এ সমাসে 'রাজা স্থলে 'রাজ' হয় এবং ব্যাসবাক্যে 'রাজা' শব্দ পরে থাকলে সমস্তপদে তা আগে বসে।
যেমন: মিস্ত্রীর রাজা = রাজমিস্ত্রী পথের রাজা = রাজপথ
খেয়ার ঘাট = খেয়াঘাট

16. 'আপনারে বড় বলে, বড় সেই নয়/লোকে যারে বড় বলে, বড় সেই হয়।' কবিতাংশটির রচয়িতা-

(ক) সুভাষ মুখোপাধ্যায়
(খ) কামিনী রায়
(গ) সুকান্ত ভট্টাচার্য
(ঘ) হরিশচন্দ্র মিত্র

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
- "আপনারে বড় বলে, বড় সেই নয়/লোকে যারে বড় বলে, বড় সেই হয়" কবিতাংশটির রচয়িতা হলেন কবি হরিশচন্দ্র মিত্র। এই কবিতাটির শিরোনাম হলো "বড় কে?" এবং এটি তাঁর একটি বিখ্যাত কবিতা যা সমাজে প্রকৃত বড় কে এবং তাদের গুণাবলী সম্পর্কে একটি চিরন্তন সত্য তুলে ধরে।
- এই কবিতাংশটি মূলত একটি নীতিশিক্ষা বা প্রবাদবাক্যের মতো, যা বোঝায় যে নিজের অহংকার বা বড়াই করা নিজেকে বড় করে তোলে না, বরং লোকে যাকে গুণী বা যোগ্য বলে স্বীকার করে, সেই প্রকৃত অর্থে বড়।

17. পশুপাখির কাহিনি অবলম্বনে রচিত লোকসাহিত্যকে বলে-

(ক) উপকথা
(খ) ব্রতকথা
(গ) রূপকথা
(ঘ) গ্রাম্যগীতিকা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
- 'উপকথা' বলতে বোঝায় পশুপাখির কাহিনী অবলম্বনে রচিত সাহিত্য। উপকথা হলো সাহিত্যের একটি ধরন, যাতে বিভিন্ন প্রাণী, কিংবদন্তিতুল্য সৃষ্টি, উদ্ভিদ, জড় বস্তু এবং প্রাকৃতিক উপাদানকে মনুষ্য ক্ষমতা প্রদান করা হয় (যেমন: মনুষ্য ভাষায় কথা বলা) এবং তাদের জবানিতে গদ্য বা পদ্য ছন্দে ছোট কাল্পনিক গল্প বিবৃত হয়। এই গল্পগুলোর পরিণতিতে একটি বিশেষ নৈতিক শিক্ষা প্রদান করা হয়।

উপকথার বৈশিষ্ট্য:

মানবিক গুণাবলী: উপকথায় পশুপাখিদের মানুষের মতো কথা বলা, চিন্তা করা এবং আচরণ করার ক্ষমতা দেওয়া হয়।
নৈতিকতা: অনেক সময় এই গল্পগুলো থেকে কোনো নৈতিক শিক্ষা বা নীতি প্রদান করা হয়।
রূপকধর্মী: পশুপাখিদের মাধ্যমে মানুষের কোনো বৈশিষ্ট্য বা সমাজের কোনো দিক তুলে ধরা হয়, যা রূপকধর্মী।
কৌতুক: কিছু উপকথা নিছক কৌতুক সৃষ্টির জন্যও তৈরি করা হয়।

18. 'নগর পুড়িলে দেবালয় কি এড়ায়?'-উক্তিটি করেছেন-

(ক) চন্ডীদাস
(খ) মুকুন্দরাম চক্রবর্তী
(গ) ভারতচন্দ্র রায়
(ঘ) বড়ু চণ্ডীদাস

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
অন্নদামঙ্গল ধারার প্রধান কবি ভারতচন্দ্র রায়গুণাকর নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্রের আদেশে 'অন্নদামঙ্গল কাব্য" (১৭৫২-৫৩) কাব্য রচনা করেন।

BCS PIONEER

এ কাব্যের বিখ্যাত উক্তি হচ্ছে :

- 'নগর পুড়িলে দেবালয় কি এড়ায়?'
- 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।
- মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
- হাভাতে যদ্যপি চায় সাগর শুকায়ে যায়।

উক্তিটির তাৎপর্য:

- এই উক্তিটি দ্বারা বোঝানো হয় যে, কোনো একটি স্থানের (নগর) ক্ষতি হলে সেখান থেকে কোনো কিছু (যেমন দেবালয় বা মন্দির) বিচ্ছিন্নভাবে নিরাপদ থাকতে পারে না।
- এর দ্বারা বোঝানো হয় যে, সামগ্রিক সামাজিক বা রাষ্ট্রীয় ক্ষতি হলে কারো ব্যক্তিগত নিরাপত্তা বা সুরক্ষিত স্থানও রক্ষা পায় না।

19. 'বার্ষিক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি ?

(ক) বরষ+ইক
(খ) বর্ষা+ ষ্ণিক
(গ) ব+ ষ্ণিক
(ঘ) বর্ষ + ষ্ণিক

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'বার্ষিক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় = বর্ষ + ষ্ণিক
ষ্ণিক (ইক) প্রত্যয়যোগে সম্বন্ধ অর্থে বিশেষন শব্দ গঠিত হয়। যেমনঃ
বর্ষ + ষ্ণিক = বার্ষিক , সাহিত্যে + ষ্ণিক = সাহিত্যিক,
বর্ষ + ষ্ণিক = বার্ষিক, সাহিত্য + ষ্ণিক = সাহিত্যিক,
বিজ্ঞান + ষ্ণিক = বৈজ্ঞানিক, বেদ + ষ্ণিক = বৈদিক,
অক্ষর + ষ্ণিক = আক্ষরিক, ইতিহাস + ষ্ণিক = ঐতিহাসিক,
বিজ্ঞান + ষ্ণিক = বৈজ্ঞানিক, সমুদ্র + ষ্ণিক = সামুদ্রিক।

20. 'প্রতীচী' শব্দের বিপরীত শব্দ কোনটি?

(ক) ম্লান
(খ) মিলন
(গ) ত্যাগ
(ঘ) প্রাচ্য

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
'প্রতীচী' শব্দের বিপরীত শব্দ হলো 'প্রাচ্য'। 'প্রতীচী' বলতে পশ্চিম দিককে বোঝায়, আর 'প্রাচ্য' বলতে পূর্ব দিককে বোঝায়।

α. প্রতীচী: পশ্চিম দিক
β. প্রাচ্য: পূর্ব দিক

সুতরাং, 'প্রতীচী' ও 'প্রাচ্য' একে অপরের বিপরীত।

21. 'Ethics' শব্দের সঠিক পারিভাষিক শব্দ কোনটি?

(ক) তথ্যচিত্র
(খ) ব্রতকথা
(গ) নীতিশাস্ত্র
(ঘ) তথ্যকথা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ "Ethics" শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হল নীতিশাস্ত্র বা নৈতিকতা।
➤ এই শব্দগুলো নৈতিক ঘটনা, আদর্শ, ও মূল্যবোধের দার্শনিক আলোচনাকে বোঝায় এবং মানুষের উচিত কাজ ও আচরণের নৈতিকতা নিয়ে আলোচনা করে।

22. 'গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত' -এখানে 'নিশীথে' কোন পদ?

(ক) নাম বিশেষণ
(খ) ভাব বিশেষণ
(গ) বিশেষ্য
(ঘ) সর্বনাম

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ 'গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত'—এই বাক্যে 'নিশীথে' শব্দটি একটি বিশেষ্য পদ। এটি 'নিশীথ' (রাত্রি) শব্দের সপ্তম বিভক্তির একবচন রূপ, যা সময় বা কালের বিশেষ্য পদ হিসেবে ব্যবহৃত হয়েছে।
➤ এই বাক্যে 'নিশীথে' শব্দটি 'গভীর' বিশেষণ দ্বারা বিশেষিত হয়ে 'গভীর রাত্রে' অর্থাৎ একটি নির্দিষ্ট সময়কে নির্দেশ করছে।

23. 'শূন্যপুরাণ' কাব্য কার রচনা?

(ক) গোবিন্দদাস
(খ) রামাই পন্ডিত
(গ) হর্ষবর্ধন
(ঘ) বিপ্রদাস

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: রচয়িতা: রামাই পণ্ডিত।
বিষয়বস্তু: এটি ধর্মপূজার শাস্ত্রগ্রন্থ এবং এতে বৌদ্ধ ধর্মাবলম্বীদের ওপর বৈদিক ব্রাহ্মণদের অত্যাচারের কাহিনী বর্ণিত হয়েছে।
গঠন: কাব্যে ৫১টি অধ্যায় রয়েছে, যার প্রথম ৫টিতে সৃষ্টিতত্ত্বের কথা বলা হয়েছে।
কাল: রামাই পণ্ডিতের সময়কাল মুসলিম বিজয়োত্তর তেরো শতক বলে অনুমান করা হয়।
অন্যান্য অংশ: কাব্যের একটি অংশ 'নিরঞ্জনের রুষ্মা' নামে পরিচিত, যেখানে মুসলিম পীর-গাজীদের দ্বারা বৌদ্ধদের রক্ষা করার কাহিনীও বর্ণিত আছে।

24. মধ্যযুগের বাংলা সাহিত্যের নিদর্শন নয় কোনটি?

(ক) বৈষ্ণব পদাবলি
(খ) প্রণয়কাব্য
(গ) মঙ্গলকাব্য
(ঘ) কথোপকথন

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
কথোপকথন: উইলিয়ম কেরী রচিত বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থ। বাংলা ভাষার কথ্যরীতির প্রথম নিদর্শন এই গ্রন্থে বিধৃত।

25. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'বিড়াল' কী ধরণের রচনা?

(ক) কবিতা (খ) উপন্যাস
(গ) প্রবন্ধ (ঘ) গল্প

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'বিড়াল' একটি রসাত্মাক ও ব্যঙ্গধর্মী রচনা।

➤ এটি 'কমলাকান্তের দপ্তরের' অন্তর্গত একটি গদ্য রচনা, যেখানে বিড়ালের মাধ্যমে তৎকালীন সমাজের ধনী-দরিদ্র বৈষম্য এবং মানুষের অপরাধের যুক্তিকতা নিয়ে ব্যঙ্গ করা হয়েছে।

26. একটি বড় মাপের ভূমিকম্পের পর কী ঘটার সম্ভাবনা থাকে?

(ক) জলোচ্ছ্বাস (খ) ঘূর্ণিঝড়
(গ) সুনামি (ঘ) বন্যা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ একটি বড় মাপের ভূমিকম্পের পর সুনামি, ভূমিধস, ভূগর্ভস্থ তরলতা, এবং ভূমি ব্যর্থতা-এর মতো পরিবেশগত প্রভাব দেখা যেতে পারে।

➤ সমুদ্রের তলদেশে বা কাছাকাছি ভূমিকম্প হলে সুনামির সম্ভাবনা বেশি থাকে, যেখানে ভূত্বকের হঠাৎ স্থানচ্যুতি ঘটে।

➤ স্থলভাগে ঘটা ভূমিকম্পের ক্ষেত্রে এই ঝুঁকি কম থাকে, তবে ভূগর্ভস্থ তরলতা (liquefaction), ভূমিধস এবং ভূমি ব্যর্থতা ঘটতে পারে।

27. বাংলাদেশের প্রধান বীজ উৎপাদনকারী সরকারি প্রতিষ্ঠান-

(ক) BADC (খ) BRRI
(গ) BARI (ঘ) BINA

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
✔ BARI এর পূর্ণরূপ Bangladesh Agricultural Research Institute। এটি দেশের বৃহত্তম বহুবিধ ফসল গবেষণা প্রতিষ্ঠান।

✔ BINA (Bangladesh Institute of Nuclear Agriculture) বাংলাদেশের একটি পরমাণু কৃষি গবেষণা প্রতিষ্ঠান।

✔ BRRI (Bangladesh Rice Research Institute) ধান গবেষণা প্রতিষ্ঠান।

✔ আর BADC (Bangladesh Agricultural Development Corporation) বাংলাদেশে উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ বৃদ্ধি করা, সেচ প্রযুক্তি উন্নয়ন, ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার ও মানসম্পন্ন সার সরবরাহ করে।

28. ঢাকায় প্রথম শহীদ মিনার তৈরি হয়?

(ক) ২৩ ফেব্রুয়ারী ১৯৫২ (খ) ২২ ফেব্রুয়ারী ১৯৫২
(গ) ২৫ ফেব্রুয়ারী ১৯৫২ (ঘ) ২৪ ফেব্রুয়ারী ১৯৫২

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
➤ কেন্দ্রীয় শহীদ মিনার বায়ান্নর ভাষা আন্দোলনের একটি স্মৃতিসৌধ।

➤ এটি ঢাকার কেন্দ্রস্থলে ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গনে অবস্থিত।

➤ এর স্থপতি হামিদুর রহমান। ঢাকায় প্রথম শহীদ মিনার তৈরি হয় ২৩ ফেব্রুয়ারী ১৯৫২।

29. কোন রংয়ের কাপে চা বেশি সময় গরম থাকে?

(ক) কালো (খ) সাদা
(গ) নীল (ঘ) সকল রংয়ের কাপে সমান

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ✔ সাদা রঙের কাপে চা সবচেয়ে বেশিক্ষণ গরম থাকে।

✔ সাদা আলোর তাপ শোষণ ক্ষমতা কম। তাই সাদা রঙের কাপ তাপ শোষণ করে কম। ফলে, সাদা রঙের কাপে চায়ের তাপ বেশিক্ষণ ধরে থাকে।

✔ অন্যদিকে, কালো, নীল এবং সবুজ রঙের আলোর তাপ শোষণ ক্ষমতা বেশি।

30. স্বর্ণ গলাতে কোন কোন এসিডের ব্যবহৃত হয়?

(ক) HCI. HNO_3 (খ) H_2SO_4.HCI
(গ) H_2SO_4.HNO_3 (ঘ) উপরের যে কোনটি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
✪ স্বর্ণ গলাতে মূলত অ্যাকোয়া রেজিয়া নামক একটি মিশ্রণ ব্যবহার করা হয়, যা ৩:১ অনুপাতে ঘনীভূত হাইড্রোক্লোরিক অ্যাসিড (HCI) এবং নাইট্রিক অ্যাসিড (HNO_3)-এর মিশ্রণ।

✪ এককভাবে নাইট্রিক অ্যাসিড সোনাকে দ্রবীভূত করতে পারে না, কিন্তু হাইড্রোক্লোরিক অ্যাসিডের সাথে মিশে এটি সোনা ও অন্যান্য মূল্যবান ধাতুকে দ্রবীভূত করার ক্ষমতা লাভ করে।

BCS PIONEER

31. কোথায় সাঁতার কাটা সহজ?

(ক) নদীতে
(খ) সুইমিংপুলে
(গ) পুকুরে
(ঘ) সাগরে

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ পুকরের পানির চেয়ে সমুদ্রের পানিতে সাঁতার কাটা সহজ কারন সমুদ্রের পানিতে নানা ধরনের লবণ দ্রবীভূত থাকে।
➤ তাই সমুদ্রের পানির ঘনত্ব নদীর পানি বা পুকুরের পানির চেয়ে বেশি।

32. বাংলাদেশের জলবায়ু কী ধরণের?

(ক) ক্রান্তীয় ও উপক্রান্তীয় জলবায়ু
(খ) ক্রান্তীয় ও মৌসুমী জলবায়ু
(গ) আর্দ্র ক্রান্তীয় জলবায়ু
(ঘ) উপক্রান্তীয় জলবায়ু

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ বাংলাদেশের জলবায়ুকে ক্রান্তীয় (ট্রপিক্যাল) ও মৌসুমি জলবায়ু বলা হয়। এখানে ঋতু পরিবর্তনের সাথে সাথে বায়ু দিক পরিবর্তন হয়।
➤ গ্রীষ্মকালে বাংলাদেশের বায়ু দক্ষিণ দিক থেকে উত্তর দিকে প্রবাহিত হয়। আর শীতকালে বায়ু উত্তর দিক থেকে দক্ষিণ দিকে প্রবাহিত হয়।

33. 'September on Jessore Road' কবিতাটির রচয়িতা কে?

(ক) মাইকেল জ্যাকসন
(খ) বব ডিলান
(গ) অ্যালেন গিন্সবার্গ
(ঘ) জর্জ হ্যারিসন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ 'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতার রচয়িতা হলেন বিখ্যাত মার্কিন কবি ও বিখ্যাত মার্কিন কবি অ্যালেন গিন্সবার্গ।
➤ তিনি ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় যশোর রোডে শরণার্থীদের দুর্দশা দেখে এই কবিতাটি লিখেছিলেন, যা পরে গান হিসেবেও প্রকাশিত হয়।
➤ অ্যালেন গিন্সবার্গ ছিলেন মার্কিন কবি এবং গীতিকার। ৯ সেপ্টেম্বর, ১৯৭১ তিনি ভারত থেকে নৌকায় করে বাংলাদেশের যশোর সীমান্তে পৌঁছান। সীমান্তবর্তী শরণার্থী শিবিরগুলোতে বসবাসকারী উদ্বাস্তুদের দুর্দশা প্রত্যক্ষ করে তিনি "সেপ্টেম্বর অন যশোর রোড" কবিতা লেখেন।

34. সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়?

(ক) নীল
(খ) বেগুনি
(গ) লাল
(ঘ) হলুদ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
- সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় প্রয়োজনীয় শক্তির সবুজ উৎস হলো আলো।
- লাল আলোতে সবচেয়ে বেশি সালোক সংশ্লেষণ হয়।
- সবুজ আলোতে সংশ্লেষণ হয় না বললেই চলে।

35. বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন কবে অনুষ্ঠিত হয়?

(ক) ৭ ফেব্রুয়ারী ১৯৭৩
(খ) ৭ মার্চ ১৯৭৩
(গ) ৭ জানুয়ারি ১৯৭৩
(ঘ) ৭ এপ্রিল ১৯৭৩

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ প্রথম জাতীয় সংসদ নির্বাচন ১৯৭৩, বাংলাদেশে ৭ই মার্চ ১৯৭৩ সালে ১৪টি রাজনৈতিক দলের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়।
➤ নির্বাচনে আওয়ামী লীগ ৩০০টি আসনের মধ্যে ২৯৩টি আসনে জয় লাভ করে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে এবং সরকার গঠন করে।

36. লোহা মাধ্যমে শব্দ বাতাসের তুলনায় কত গুণ দ্রুত চলে?

(ক) ২০ গুণ
(খ) ১৫ গুণ
(গ) ১২ গুণ
(ঘ) ১৮ গুণ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
✔ লোহার মধ্যে শব্দ বাতাসের তুলনায় প্রায় ১৫ গুণ দ্রুত চলে।
✔ বাতাসের চেয়ে লোহাতে শব্দের গতি বেশি হওয়ার কারণ হলো, লোহার কণাগুলো বাতাসের কণাগুলোর চেয়ে অনেক বেশি ঘনসন্নিবিষ্ট এবং কাছাকাছি থাকে, যা শব্দ তরঙ্গকে দ্রুত এক কণা থেকে অন্য কণাতে যেতে সাহায্য করে।

37. পলাশীর যুদ্ধ কবে হয়েছিল?

(ক) ২২ জুন ১৭৫৭
(খ) ২৪ জুন ১৭৫৭
(গ) ২৩ জুন ১৭৫৭
(ঘ) ২৫ জুন ১৭৫৭

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:

BCS PIONEER

➤ বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার ও ফরাসি মিত্রদের সাথে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির পলাশী নামক স্থানে যে যুদ্ধ সংঘটিত হয়েছিল তাই পলাশীর যুদ্ধ নামে পরিচিত।

➤ ১৭৫৭ সালের জুন ২৩ তারিখে এই যুদ্ধ সংঘটিত হয়েছিল। এই যুদ্ধে সিরাজউদ্দৌলা পরাজিত হন এবং ভারতবর্ষে ইংরেজ শাসন প্রতিষ্ঠার পথ সূচিত হয়।

38. ঢাকা গেইটে'র নির্মাতা কে?

(ক) শায়েস্তা খান
(খ) আবদুল গনি
(গ) মীর জুমলা
(ঘ) লর্ড কার্জন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
✪মীর জুমলার গেট ঢাকা বিশ্ববিদ্যালয় ঐতিহাসিক মোগল স্থাপনা।
✪ এই গেটটি ঢাকা গেট, ময়মনসিংহ গেট নামেও পরিচিত।
✪ বিশ্ববিদ্যালয় এলাকার কার্জন হল ছাড়িয়ে দোয়েল চত্বর হয়ে বাংলা একাডেমী যেতে চোখে পড়ে হলুদ রঙের মীর জুমলার তোরণ।

39. জাতিসংঘ সাধারণ পরিষদে এ পর্যন্ত কতজন নারী সভাপতিত্ব করেছেন?

(ক) ৫ জন
(খ) ১১ জন
(গ) ৭ জন
(ঘ) ৯ জন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
➤ এ পর্যন্ত ৫ জন নারী সাধারণ পরিষদের সভাপতি হয়েছেন।
➤ জাতিসংঘের সাধারণ পরিষদের প্রথম নারী সভাপতি ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরুর বোন বিজয়া লক্ষ্মী পন্ডিত।
➤ জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতিত্ব করেছেন পঞ্চম নারী হিসাবে Annalena Baerbock নির্বাচিত হয়েছেন ২০২৫ সালে।

40. কোনটি ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট রোগ নয়?

(ক) হেপাটাইটিস
(খ) গনোরিয়া
(গ) টাইফয়েড জ্বর
(ঘ) কুষ্ঠ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ➤ হেপাটাইটিস ভাইরাস ঘটিত রোগ।
➤ যেখানে গনোরিয়া ও কুষ্ঠ ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট এবং টাইফয়েড জ্বরও ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট।

41. বাংলাদেশের সমতলে সবচেয়ে বেশি জনসংখ্যার কোন নৃ-গোষ্ঠীর বাস?

(ক) মনিপুরি
(খ) গারো
(গ) সাঁওতাল
(ঘ) বম

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
- বাংলাদেশের উত্তর-পশ্চিমাংশের দিনাজপুর, রংপুর, রাজশাহী, বগুড়া, পাবনা প্রভৃতি এলাকায় বসবাস করে সাঁওতাল, ওরাঁও, মাহালি মুন্ডা, মাল পাহাড়ি, মালো ইত্যাদি নৃ-গোষ্ঠী। এরা মূলতঃ সমতলবাসী হিসেবে পরিচিত।

42. নিচের কোন কার্যক্রমের সাথে অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের নাম যুক্ত?

(ক) প্রাণীর প্রতি নিষ্ঠুরতা রোধ
(খ) পরিবেশ সংরক্ষণ
(গ) মানবাধিকার সংরক্ষণ
(ঘ) প্রত্ন সম্পদ সংরক্ষণ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ ১৯৬১ সালে পিটার বেনেনসন কর্তৃক অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল প্রতিষ্ঠিত হয়।
➤ এটি একটি মানবাধিকার সংস্থা। যুক্তরাজ্যের লন্ডনে এর সদর দপ্তর অবস্থিত।
➤ সংস্থাটি ১৯৭৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

43. বাংলাদেশের প্রথম আদমশুমারী অনুষ্ঠিত হয় কোন সালে?

(ক) ১৯৭২
(খ) ১৯৭৪
(গ) ১৯৭৩
(ঘ) ১৯৭৬

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ কোন দেশ বা অঞ্চলের মানুষ গণনাকেই মূলত আদমশুমারি না জনশুমারি বলে। বাংলাদেশে প্রতি ১০ বছর অন্তর অন্তর জনশুমারি করা হয়।
➤ দেশ স্বাধীনের পর ১৯৭৪ সালে বাংলাদেশে প্রথম জনশুমারি অনুষ্ঠিত হয়। এ জনশুমারি অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা ছিল ৭,৬৩,৯৮,০০০ এবং জনসংখ্যা বৃদ্ধির হার ছিল ২.৪৮ শতাংশ।
➤ দেশ স্বাধীনের পর এ. পর্যন্ত বাংলাদেশে ৬টি (১৯৭৪, ৮১, ৯১. ২০০১, ২০১১, ২০২২) জনশুমারি অনুষ্ঠিত হয়। ১৫-২১ জুন, ২০২২ সালে ৬ষ্ঠ জনশুমারি অনুষ্ঠিত হয়।
➤ উল্লেখ্য, ১৮৭২ সালে ব্রিটিশ গভর্নর লর্ড মেয়োর আমলে উপমহাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয়েছিল।

44. 'নেকড়ে যোদ্ধা কুটনীতি' কোন দেশের সাথে সংশ্লিষ্ট?

BCS PIONEER

(ক) উত্তর কোরিয়া (খ) ভিয়েতনাম

(গ) রাশিয়া (ঘ) চীন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
✔ নেকড়ে যোদ্ধা কূটনীতি (Wolf Warrior Diplomacy) চীন দেশের সাথে সংশ্লিষ্ট।

✔ এই পরিভাষাটি মূলত চীনা চলচ্চিত্র 'উলফ ওরিয়র-২' থেকে নেওয়া হয়েছে এবং এটি শি জিনপিংয়ের আগ্রাসী কূটনৈতিক দর্শনকে বোঝায়, যা নিজের মর্যাদা বৃদ্ধি ও জাতীয়তাবাদী অনুভূতি শক্তিশালী করার জন্য ব্যবহৃত হয়।

45. কলায় বিদ্যমান প্রধান জৈব এসিড কোনটি?

(ক) এসিটিক এসিড (খ) অক্সালিক এসিড

(গ) ম্যালিক এসিড (ঘ) ল্যাকটিক এসিড

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ কলায় বিদ্যমান প্রধান জৈব এসিডটি হলো ম্যালিক এসিড। এটি ফল এবং শাকসবজিতে পাওয়া যায় এবং কলার স্বাদ ও পুষ্টির জন্য গুরুত্বপূর্ণ।

➤ ম্যালিক এসিড (Malic acid): এটি একটি জৈব যৌগ যা ফলের টক স্বাদে অবদান রাখে এবং অনেক জীবন্ত প্রাণীর দ্বারা তৈরি হয়। এটি কলার মতো ফলে পাওয়া যায় এবং এর উপস্থিতি কলার পুষ্টিগুণ ও স্বাদের জন্য জরুরি।

46. পপি উৎপাদনকারী কোন দেশটি গোল্ডেন ট্রায়াঙ্গেলের অন্তর্ভুক্ত নয়?

(ক) লাওস (খ) কম্বোডিয়া

(গ) থাইল্যান্ড (ঘ) মিয়ানমার

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ 'গোল্ডেন ট্রায়াংগল' দক্ষিণপূর্ব এশিয়ার তিনটি দেশ মায়ানমার, লাওস ও থাইল্যান্ডের পাহাড়ি এলাকা জুড়ে বিস্তৃত।

➤ আফগানিস্তানের সোনালী চন্দ্ররেখার পাশাপাশি, ১৯৫০ সাল থেকে এটি এশিয়ার ও বিশ্বের সবচেয়ে ব্যাপক আফিম উৎপাদনকারী এলাকার একটি।

47. বিশ্ব মানবাধিকার দিবস কবে পালিত হয়?

(ক) ১ আগস্ট (খ) ২৬ জুন

(গ) ১ মে (ঘ) ১০ ডিসেম্বর

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ ১৯৪৮ সালে ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের তৃতীয় অধিবেশনে সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র গৃহীত হয়।

➤ এতে মোট ৩০টি অনুচ্ছেদ রয়েছে। মানবাধিকার বিষয়ক প্রথম বৈশ্বিক সম্মেলন অনুষ্ঠিত হয়১৯৬৮ সালে ইরানের তেহরানে।

➤ প্রতি বছর ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার হিসেবে পালিত হয়ে আসছে।

48. বাংলাদেশের ঘোষিত গ্যাসক্ষেত্রের সংখ্যা কত?

(ক) ৫৯টি (খ) ৫৭টি

(গ) ৩৭টি (ঘ) ২৯টি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ➤ এ যাবৎ আবিষ্কৃত মোট গ্যাসক্ষেত্রের সংখ্যা ৩০টি।

➤ ভোলার ইলিশা কূপটি দেশের ২৯তম গ্যাসক্ষেত্র।

➤ জামালপুরের মাদারগঞ্জ ৩০তম গ্যাসক্ষেত্র।

49. বাংলাদেশ কবে New Development Bank এর সদস্যপদ লাভ করে?

(ক) ২০২১ সালে (খ) ২০২২ সালে

(গ) ২০২৩ সালে (ঘ) ২০২৪ সালে

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
➤ BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকের নাম হচ্ছে New Development Bank (NDB).

➤ এর বর্তমান সদস্য দেশ ৮টি: ভারত, চীন, রাশিয়া, ব্রাজিল ও দক্ষিণ আফ্রিকা + বাংলাদেশ (১৬ সেপ্টেম্বর ২০২১), সংযুক্ত আরব আমিরাত (৪ অক্টোবর ২০২১). মিশর (২০ ফেব্রুয়ারি, ২০২৩)।

➤ New Development Bank (NDB) এর সদর দফতর অবস্থিত চীনের সাংহাইয়ে।

50. আলুর একটি জাতের নাম-

(ক) ব্রিশাইল (খ) রূপালী

(গ) ডায়মন্ড (ঘ) ড্রামহেড

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
- আলুর উন্নতমানের জাত: ডায়মন্ড, কার্ডিনেল, কুফরী, সিন্দুরী।
- "ব্রিশাইল" একটি ধানের আঞ্চলিক নাম। এটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI) কর্তৃক উদ্ভাবিত এবং এর জীবনকাল ১৪৫ দিন, যার ফলন (সেচ সহ) প্রতি হেক্টরে প্রায় ৫ টন।

BCS PIONEER

▪ ড্রামহেড (Drumhead) হলো উন্নত জাতের বাঁধাকপি। এটি বাঁধাকপির একটি পরিচিত জাত, যা তার বিশেষ আকৃতির জন্য পরিচিত।

▪ আম্রপালি (রূপালী) আম ১৯৭১ সালে ভারতীয় কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানী ড. পিযুষ কান্তি মজুমদার এই জাতটি উদ্ভাবন করেন।

51. ভূ-পৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি পরিমাণে আছে?

(ক) জিংক
(খ) তামা
(গ) লোহা
(ঘ) অ্যালুমিনিয়াম

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ ভূ-পৃষ্ঠে অ্যালুমিনিয়াম ধাতু সবচেয়ে বেশি পরিমাণে পাওয়া যায়, যা পৃথিবীর ভূত্বকের মোট ধাতুর প্রায় ৮.১% গঠন করে। অ্যালুমিনিয়াম একটি অত্যন্ত বিক্রিয়াশীল ধাতু, তাই এটি মুক্ত অবস্থায় প্রকৃতিতে পাওয়া যায় না।

➤ এটি পৃথিবীর ভূত্বকে প্রাপ্ত সবচেয়ে প্রাচুর্যপূর্ণ ধাতু এবং সামগ্রিকভাবে তৃতীয় সর্বাধিক প্রাচুর্যপূর্ণ মৌল, যেখানে অক্সিজেন ও সিলিকন এর চেয়ে বেশি পরিমাণে থাকে।

➤ অ্যালুমিনিয়াম প্রকৃতিতে অ্যালুমিনিয়াম অক্সাইড (যেমন: বক্সাইট) আকারে পাওয়া যায়।

52. পাকিস্তান গণপরিষদের অধিবেশনে বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রথম দাবী কে উত্থাপন করেন?

(ক) আবদুল মতিন
(খ) শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত
(গ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(ঘ) মাওলানা ভাসানী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ পাকিস্তানের করাচিতে গণপরিষদের প্রথম অধিবেশনে ইংরেজির পাশাপাশি উর্দুতে কার্যক্রম শুরু হয় ২৩ ফেব্রুয়ারি, ১৯৪৮ সালে।

➤ পূর্ব বাংলার কংগ্রেস পার্টির সদস্য ধীরেন্দ্রনাথ দত্ত এর প্রতিবাদ করেন এবং বাংলাকেও গণপরিষদের ভাষা হিসেবে ব্যবহারের দাবি উত্থাপন করেন ২৫ ফেব্রুয়ারি, ১৯৪৮ সালে।

53. নীল নদের পানি নিয়ে কোন দুই দেশের মধ্যে দ্বন্দ্ব দেখা যায়?

(ক) সোমালিয়া ও মিশর
(খ) লিবিয়া ও উগান্ডা
(গ) কেনিয়া ও তানজানিয়া
(ঘ) মিশর ও ইথিওপিয়া

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ নীল নদের পানি নিয়ে প্রধানত মিশর ও ইথিওপিয়ার মধ্যে দ্বন্দ্ব দেখা যায়, যেখানে সুদানও এর সঙ্গে যুক্ত।

➤ ইথিওপিয়া নীল নদের উপর একটি বিশাল বাঁধ নির্মাণ করেছে, যা তাদের নিজেদের প্রয়োজন মেটানোর জন্য করা হলেও মিশর ও সুদান তাদের আশঙ্কা প্রকাশ করেছে যে এতে নীল নদের পানির প্রবাহ কমে যেতে পারে, যা তাদের অস্তিত্বের জন্য হুমকি।

54. সোমপুর মহাবিহার বাংলার কোন শাসন আমলের স্থাপত্য কীর্তির নিদর্শন?

(ক) পাল
(খ) মৌর্য
(গ) গুপ্ত
(ঘ) চন্দ্র

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
➤ শ্রী ধর্মপাল দেব নওগাঁ জেলার পাহাড়পুরে একটি বিহার বা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেন। বিহারটির নাম ছিল সোমপুর বিহার।

➤ অষ্টম শতাব্দীতে তিনি এটি নির্মাণ করেন। ভারতীয় উপমহাদেশে প্রত্নতাত্ত্বিক খনন কাজের ফলে যত বৌদ্ধবিহার আবিষ্কৃত হয়েছে তার মধ্যে এটি আয়তনে বৃহত্তম।

➤ ১৮৭৯ সালে স্যার কানিংহাম এই বিশাল কীর্তি আবিষ্কার করেন।

55. চাঁদে কোনো বস্তুর ওজন ৩০ কেজি হলে, পৃথিবীতে ঐ বস্তুর ওজন কত কেজি হবে?

(ক) ৯০ কেজি
(খ) ৫ কেজি
(গ) ১৮০ কেজি
(ঘ) ২১০ কেজি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ চাঁদে কোনো বস্তুর ওজন যদি ৩০ কেজি হয়, তাহলে পৃথিবীতে ঐ বস্তুর ওজন হবে ১৮০ কেজি।

➤ এর কারণ হলো চাঁদের অভিকর্ষ বল পৃথিবীর তুলনায় প্রায় ছয় ভাগের এক ভাগ, তাই পৃথিবীতে ওজন ৬ গুণ বেশি হবে।

56. বাংলাদেশের ধান গবেষণা ইনস্টিটিউট মোট কয়টি উচ্চ ফলনশীল ধানের উদ্ভাবন করেছে?

(ক) ১৩৩টি
(খ) ১২৬টি
(গ) ১২১টি
(ঘ) ১০১টি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
✪ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিউট সংক্ষেপে ব্রি বা বি আর আর আই (বাংলাদেশ রাইচ রিচার্স ইনস্টিটিউট) নামেও পরিচিত।

✪ ২০২৫ পর্যন্ত ব্রি উদ্ভাবিত সর্বমোট ধানের জাতের সংখ্যা ১২১টি।

BCS PIONEER

57. কোন সম্মেলনের মাধ্যমে NAM (Non Aligned Movement) এর সূচনা হয়?

(ক) নয়াদিল্লি, ভারত
(খ) বান্দুং, ইন্দোনেশিয়া
(গ) কায়রো, মিশর
(ঘ) মস্কো, রাশিয়া

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
✔ জোট নিরপেক্ষ আন্দোলন (Non Aligned Movement-NAM) হলো একটি আন্তর্জাতিক সংগঠন।
✔ মার্কিন নেতৃত্বাধীন পুঁজিবাদী জোট ও সোভিয়েত নেতৃত্বাধীন সাম্যবাদী জোটের পারস্পারিক দ্বন্দ্ব থেকে নিজেদের দূরে রাখতে ১৮-২৪ এপ্রিল, ১৯৫৫ সালের বান্দুং সম্মেলনের প্রেক্ষিতে ১ সেপ্টেম্বর, ১৯৬১ সালে বেলগ্রেডে প্রতিষ্ঠিত হয়।

58. বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কি?

(ক) পুণ্ড্র
(খ) গৌড়
(গ) হরিকেল
(ঘ) তাম্রলিপি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
➤ পুণ্ড্র বাংলার জনপদসমূহের মধ্যে সুপ্রাচীন নাম। বলা হয় যে, পুঞ্জ বলে একটি জাতি এ জনপদ গড়ে তুলেছিল।
➤ বর্তমান বগুড়া, রাজশাহী, রংপুর, দিনাজপুর অঞ্চল নিয়ে এ জনপদ সৃষ্টি হয়েছিল।
➤ পুণ্ড্রদের রাজ্যের রাজধানীর নাম ছিল পুণ্ড্রনগর। পরবর্তীকালে এর নাম হয় মহাস্থানগড়।

59. কোন আন্তর্জাতিক চুক্তি বাংলাদেশকে জলবায়ু অভিযোজন/ কূটনীতি (Climate Diplomacy) সংক্রান্ত তহবিল পেতে সাহায্য করে?

(ক) প্যারিস চুক্তি
(খ) ন্যাটো
(গ) G-7 সম্মেলন
(ঘ) ASEAN

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
✪ প্যারিস চুক্তি (Paris Agreement) এবং এর আওতাভুক্ত "লস অ্যান্ড ড্যামেজ ফান্ড" (Loss and Damage Fund) বাংলাদেশকে জলবায়ু অভিযোজন ও কূটনীতি সংক্রান্ত তহবিল পেতে সাহায্য করে।
✪ এই চুক্তিগুলো উন্নয়নশীল দেশগুলোকে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবিলায় এবং অভিযোজন কার্যক্রম বাস্তবায়নে আন্তর্জাতিকভাবে আর্থিক ও প্রযুক্তিগত সহায়তা পেতে সহায়তা করে।

60. প্রজন্ম 'জেড' কারা?

(ক) ১৯৯৭- ২০১১ সালে জন্মগ্রহণকারী প্রজন্ম
(খ) ১৯৯৭- ২০১২ সালে জন্মগ্রহণকারী প্রজন্ম
(গ) ১৯৯৮ ২০১২ সালে জন্মগ্রহণকারী প্রজন্ম
(ঘ) ১৯৯৯ ২০১১ সালে জন্মগ্রহণকারী প্রজন্ম

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
▪ গ্রেটেস্ট জেনারেশন বা মহত্তম প্রজন্ম: এঁদের জন্মকাল আনুমানিক ১৯০১ থেকে ১৯২৭ সাল পর্যন্ত এবং এঁদের বর্তমান বয়স অবশ্যই ৯৫ বছরের বেশি।

▪ সাইলেন্ট জেনারেশন বা নীরব প্রজন্ম: এঁদের জন্মকাল আনুমানিক ১৯২৮ থেকে ১৯৪৫ সাল পর্যন্ত এবং এদের বর্তমান বয়স ৭৯ থেকে ১৪ বছর।

▪ বেবি বুমার্স জেনারেশন: এঁদের জন্যকাল আনুমানিক ১৯৪৬ থেকে ১৯৬৪ সাল পর্যন্ত এবং এঁদের বর্তমান বয়স ৬০ থেকে ৭৮ বছর।

▪ জেনারেশন এক্স: এঁদের জন্মকাল আনুমানিক ১৯৬৫ থেকে ১৯৮০ সাল পর্যন্ত এবং এদের বর্তমান বয়স ৪৪ থেকে ৫৯ বছর।

▪ জেনারেশন ওয়াই বা মিলেনিয়ালস বা সহস্রাব্দ প্রজন্ম: এঁদের জন্মকাল আনুমানিক ১৯৮১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত। এবং এঁদের বর্তমান বয়স ২৮ থেকে ৪৩ বছর। এই প্রজন্মেরই যাঁদের জন্ম আবার ১৯৯০ সালের ভেতরে অর্থাৎ যাঁরা পুরো নব্বই দশকে তাঁদের শৈশব-কৈশোর পার করেছেন, তাঁদের বলা হয় নাইন্টিজ কিডস। এঁদের মা-বাবারা বেশির ভাগই বুমার্স ও জেনারেশন এক্সের সদস্য।

▪ জেনারেশন জেড বা জেন-জিঃ এঁদের জন্মকাল ১৯৯৭ থেকে ২০১২ সাল পর্যন্ত এবং এঁদের বর্তমান বয়স ১২ থেকে ২৭ বছর। এঁদের মা-বাবারা মূলত জেনারেশন এক্স ও ওয়াইয়ের সদস্য।

▪ জেনারেশন আলফা: এদের জন্মকাল আনুমানিক ২০১২ থেকে ২০২৪ সাল পর্যন্ত এবং এদের বর্তমান বয়স ০ থেকে ১২ বছর। এদের মা-বাবারা আবার জেনারেশন ওয়াই বা সহস্রাব্দ প্রজন্যের সদস্য।

61. The problem is anything <u>but</u> easy. Here 'but' is a/an -

(ক) adverb
(খ) pronoun
(গ) preposition
(ঘ) conjunction

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:

BCS PIONEER

— প্রদত্ত বাক্যটির অর্থ হলো: সমস্যাটি একেবারেই সহজ নয় বা মোটেও সহজ নয়।

— ইংরেজি গ্রামারে "anything but" একটি সুপরিচিত idiomatic phrase, যার অর্থ মূলত "not at all" (মোটেও না) বা "far from" (অনেক দূরের কথা)।

— এই নির্দিষ্ট গঠনে (anything but + Adjective) ব্যবহৃত 'but' শব্দটি সরাসরি তার ঠিক পরের Adjective-কে (এখানে 'easy') modify বা বিশেষায়িত করে।

— ব্যাকরণের নিয়ম অনুযায়ী, যা কোনো Adjective-কে modify করে বা তার মাত্রা বুঝিয়ে দেয়, তাকে Adverb বলা হয়। তাই আলোচ্য বাক্যে 'but' একটি Adverb হিসেবে কাজ করছে।

— একই ধরনের আরেকটি উদাহরণ: The hotel was anything but cheap (হোটেলটি মোটেও সস্তা ছিল না)।

— বি.দ্র. অনেক বাক্যে 'but' শব্দটি 'ব্যতীত' বা 'except' অর্থে Preposition হিসেবেও ব্যবহৃত হতে পারে।

— উদাহরণ: *Everyone but you was present* (তুমি ছাড়া সবাই উপস্থিত ছিল)। তবে এই প্রশ্নের বাক্যে এটি Adverb হিসেবেই বসেছে।

62. "The green-eyed monster" means-

(ক) danger
(খ) envy
(গ) hatred
(ঘ) jealousy

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ "The green-eyed monster" একটি ইংরেজি idiom, যা প্রথম ব্যবহৃত হয় উইলিয়াম শেক্সপিয়রের নাটক Othello (অথেলো)-তে।

➤ এখানে "green" (সবুজ) রংটি ঈর্ষা ও হিংসার প্রতীক হিসেবে ব্যবহৃত হয়েছে।

➤ শেক্সপিয়র ঈর্ষাকে এক প্রকার ভয়ংকর দানবের সঙ্গে তুলনা করেছেন, যে মানুষকে গ্রাস করে ফেলে। অর্থ: danger (বিপদ); hatred (ঘৃণা); envy (লোভ); jealousy (হিংসা)।

63. Choose the correct sentence from the following.

(ক) I prohibited him to go there.
(খ) I prohibited to his going there.
(গ) I prohibited him from going there.
(ঘ) I prohibited his going there.

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Prohibit somebody from doing something অর্থ কাউকে কোনো কিছু করা থেকে নিষেধ /বারণ করা।

64. "Beside looting all the valuables, the hoodlum also stabbed the pedestrian violently" -This an example of a/an-

(ক) complex sentence
(খ) optative sentence
(গ) simple sentence
(ঘ) compound sentence

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Simple Sentence-এ একটি মাত্র Subject এবং একটিমাত্র Finite verb (সমাপিকা ক্রিয়া) থাকে।

65. Which one is the correct spelling?

(ক) aquarium
(খ) assylum
(গ) armatur
(ঘ) Assssination

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: Assssination (হত্যা); Aquarium (মাছের চৌবাচ্চা); armatur (বর্ম); asylum (আশ্রয়)

66. The number of COVID-19 related deaths-

(ক) are overwhelming the world
(খ) has overwhelmed world
(গ) have overwhelmed the world
(ঘ) has been overwhelmed the world

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
The number of COVID-19 related deaths here "The number" is singular, but it refers to many deaths as a collective fact. In standard grammar, "The number of plural noun" is treated as singular subject.

So the correct verb should be has, not have.

67. Choose the correct antonym of the word "macho":

(ক) arrogant
(খ) haughty
(গ) machismo
(ঘ) modest

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: macho (পুরুষালী/ বলিষ্ঠ); arrogant (অহংকারী); haughty (উদ্ধত); modest (নম্র, ভদ্র); machismo (পুরষোচিত ভাব)

BCS PIONEER

68. A burnt child dreads the fire. Here 'burnt' is a-

(ক) gerund
(খ) past participle
(গ) finite verbs
(ঘ) present participle

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
Verb এর Past participle form যখন একই সাথে verb এবং adjective এর মত কাজ সম্পন্ন করে তখন তাকে past participle বলে।

যেমন: A burnt child dreads the fire.

69. "These are more things in heaven and earth, Horatio, than are dreamt of in your philosophy." - This line has been quoted from Shakespeare's-

(ক) Macbeth
(খ) Measure for Measure
(গ) Hamlet
(ঘ) King Lear

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:

Famous quotations from Hamlet:

- "To be or not to be, that is the question."
- "Frailty, thy name is woman."
- "Though this be madness, yet there is method in't."
- "Conscience does make cowards of us all."
- "Brevity is the soul of wit."
- "Listen to many, speak to a few."
- "One may smile, and smile, and be a villain."
- "There's a divinity that shapes our ends, Rough-hew them how we will."
- "There is nothing either good or bad, but thinking makes it so."
- "There are more things in heaven and earth, Horatio,Than are dreamt of in your philosophy."

Hamlet: William Shakespeare রচিত tragedy গুলোর মধ্যে Hamlet is one of the most celebrated tragedies in English literature. তাঁর অন্যান্য tragedy গুলোর মত এটিও 5acts বিশিষ্ট। ১৫৯৯-১৬০১ সালের মধ্যে লেখা এই tragedy টি প্রকাশিত হয় 1603 সালে।

70. The supervisor knows <u>when the bus will depart from the terminal.</u> The underlined clause is a/an-

(ক) adjective clause
(খ) adverbial clause
(গ) independent clause
(ঘ) noun clause

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
✪ যে clause বাক্যের শুরুতে subject বা object এর মত বসে noun এর মত কাজ করে তাকে noun clause বলে । বাক্যটিতে when the bus will depart from the terminal object এর মত কাজ করেছে ।

তাই এটি একটি noun clause.

71. The noun form of 'replete' is-

(ক) repletation
(খ) replecacy
(গ) repletance
(ঘ) repletion

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:

- repletely adverb
- repleteness noun
- repletive adjective
- repletively adverb
- unreplete adjective
- unrepleteness noun
- Repletion noun

72. Come on, it's time to go home. Here 'home' is a/an-

(ক) noun
(খ) adverb
(গ) adjective
(ঘ) verb

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
✔ Home একটি বাক্যে noun, adjective, verb এবং adverb হিসেবে ব্যবহৃত হতে পারে।

✔ তবে প্রদত্ত বাক্যে Adverb হিসেবে ব্যবহৃত হয়েছে কেননা এখানে 'go' verbটি intransitive । আর intransitive verb-এর পরে বসায় home এখানে Adverb.

73. "A way of speaking or writing that makes something sound better or more exciting than it really is" this can be the best definition of-

(ক) synecdoche
(খ) oxymoron
(গ) sarcasm
(ঘ) hyperbole

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
✪ An oxymoron combines contradictory terms, like "deafening silence";

✪ a synecdoche uses a part to represent the whole,such as "wheels" for a car;

✪ sarcasm is the use of irony to mock or convey contempt:

✪ hyperbole is extreme exaggeration for emphasis. A way of speaking or writing that makes something sound better or more exciting than it really is hyperbole.
e.g. "I'm so hungry I could eat a horse"

74. She's mad _____ me for being late.

(ক) against (খ) to
(গ) at (ঘ) towards

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
She's mad at for being late.(দেরি হওয়ার জন্য সে আমার উপর রেগে আছে)
এখানে 'mad' মানে হলো রেগে থাকা বোঝায়।

75. Which of the following is a synonym of 'diminutive'?

(ক) petite (খ) large
(গ) short (ঘ) pigmy

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: Diminutive (ক্ষুদ্র), petite (ছোটখাটো/ স্লিম), large (বড়), pigmy (বামন), short (ছোট)

76. Macbeth killed the king. He was arrested on the charge of-

(ক) regicide (খ) homicide
(গ) Patricide (ঘ) fratricide

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
- Homicide Killing a human being in general (homo man).নরহত্যা
- Fratricide Killing one's own brother (frater brother).ভ্রাতৃহত্যা বা ভগ্নিহত্যা।
- Regicide Killing a king (rex/regis =king).রাজহত্যা; রাজহন্তা
- Patricide Killing one's own father (pater= father).পিতৃহত্যা

77. Which of the following nouns has two plural forms?

(ক) mother (খ) father
(গ) brother (ঘ) sister

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: father: বাবা; পিতা; জনক। fathers.
mother: মা; মাতা; জননী; জনয়িত্রী mothers.
sister: ভগিনী; বোন।sisters.
brother: ভাই; ভ্রাতা; সহোদর।brothers, brethren.
Some English nouns have two plural forms with different meanings.
Brother brothers/brethren
brothers real brothers/ siblings (literal sense)

78. Complete the following proverb: Fools rush in where-

(ক) every angel fears to tread
(খ) angels fear to tread
(গ) an angel fears to tread
(ঘ) all angels fear to tread

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ➤ এটি একটি প্রবাদবাক্য।
➤ Fools rush in where angels fear to tread - হাতি ঘোড়া গেল তল, ভেড়া বলে কত জল।
➤ ইংরেজি সাহিত্যের Neo-classical তথা The Augustan Age এর অন্যতম সাহিত্যিক Alexander Pope, তার বিখ্যাত কবিতা 'An Essay on Criticism' এ এই উক্তিটি করেছিলেন।

79. All collective nouns are _____ gender.

(ক) feminine (খ) masculine
(গ) common (ঘ) neuter

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Collective noun বলতে বোঝায় এমন বিশেষ্য যেগুলি একটি-একটি ব্যক্তি, বস্তু বা স্থানের একাধিক সদস্যের অবিভক্ত সমষ্টিকে নির্দেশ করে। অর্থাৎ, একাধিক সাধারণ বস্তুর সমষ্টিকেই Collective noun বলা হয়।

যেমন: a team হলো খেলোয়াড়দের একটি দল; এখানে "team" দ্বারা অনেক খেলোয়াড় একসাথে বোঝানো হয়েছে।

cattle হলো গবাদিপশুর একটি পাল; "cattle" দিয়ে একাধিক গবাদিপশু একত্রে বোঝানো হয়।

উল্লেখযোগ্য বিষয়:

ইংরেজি ব্যাকরণে এই ধরনের বিশেষ্য সাধারণত neuter gender (নপুংসক লিঙ্গ) হিসেবে বিবেচিত হয়, অর্থাৎ পুরুষ বা নারী হিসেবে আলাদা চিহ্নিত না হলে।

যদি ঐ দল বা সমষ্টি স্পষ্টভাবে পুরুষ বা নারী সদস্য নিয়ে গঠিত হয়, তাহলে সেই দৃশ্যে লিঙ্গ নির্ধারণ করা যেতে পারে।

80. "She enjoyed herself immensely at the party." Which of the following options is the closet to the above sentence?

(ক) She had a terrific time at the party.
(খ) She had a terrible time at the party.
(গ) She had a horrible time at the party.
(ঘ) She had a horrific time at the party.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
She enjoyed herself immensely at the party. সে পার্টিতে অত্যন্ত আনন্দ করেছিল।

She had a terrific time at the party.
(terrific: very good.)সে পার্টিতে খুব ভালো সময় কাটিয়েছে।
The correct answer is: ক) She had a terrific time at the party.

81. Which of the following verbs changes its base form in past and past participle forms?

(ক) breed
(খ) spread
(গ) read
(ঘ) hurt

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:

Verb	Past	Past Participle
read	read	read
breed	bred	bred
spread	spread	spread
hurt	hurt	hurt

82. A concrete noun is not the name of an object that can be-

(ক) felt
(খ) tasted
(গ) Tree
(ঘ) touched

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
[অপশনে সঠিক উত্তর না থাকায় নতুন অপশন যোগ করে উত্তরটি দেওয়া হয়েছে]
যে সব Noun এর বাহ্যিক আকার বা অবস্থান আছে অর্থাৎ যাদেরকে ধরা, ছোঁয়া বা দেখা যায় তাদেরকে Concrete Noun বলে। যেমন- Tree, house, cow, pencil, sky etc.

83. Change into indirect speech: "Are you alone, my son?" asked a soft voice close behind me.

(ক) What I was doing these alone was asked by a soft voice.
(খ) Addressing me as his son a soft voice asked if I was alone.
(গ) A soft voice told me as his son and asked me if I was alone.
(ঘ) A soft voice from my behind asked me if I was alone.

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
Addressing + Reporting verb এর object (যদি থাকে) + as + যাকে/যাদেরকে সম্বোধন করা হয়েছে সে শব্দটি + Reporting verb এর subject + Reporting verb + if/whether + statement.
Direct: "Are you alone, my son?" asked a soft voice close behind me.
Indirect: Addressing me as his son, a soft voice asked if I was alone.

84. Intellectual montage is a/an ---------

BCS PIONEER

(ক) mental condition

(খ) philosophical terminology

(গ) film editing technique that juxtaposes contrasting images

(ঘ) alternative term for a flashback

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Intellectual montage হলো একটি চলচ্চিত্র সম্পাদনা কৌশল, যা দুই বা তার বেশি চিত্রকে পাশাপাশি স্থাপন করে দর্শকের মধ্যে একটি নির্দিষ্ট ধারণা বা আবেগ উদ্রেক করে।

85. Complete the sentence: If I had much money, I ----------.

(ক) alternative term for a flashback

(খ) would build an orphanage

(গ) would have built an orphanage

(ঘ) might have built an orphanage

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
Second Conditional-এর নিয়মানুযায়ী: শর্তযুক্ত অংশে If + past indefinite যুক্ত clause থাকলে, পরবর্তী clause টিতে subject-এর পরে would/could/might + verb-এর base form বসে। এখানে 'had' main verb হিসেবে ব্যবহৃত হয়েছে।

Structure: If + past indefinite + subject + would/could/might + verb -এর base form + extension.

86. সার্বিক সেট U এর যে কোন উপসেট A ও B এর জন্য কোনটি সঠিক?

(ক) A\B=A ∪ B' (খ) (A ∪ B)'=A' ∪ B'

(গ) (A ∩ B)'=A' ∪ B' (ঘ) (A ∩ B)'=A' ∩ B'

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ডি মরগ্যানের সূত্র: 1. (A ∩ B)' = A' ∪ B'
2. (A ∪ B)' = A' ∩ B' ধরি,
U = {1,2,3,4,5}, A = {1,2,3}, B = {2,3,4}
ক) A\B = A ∪ B' A\B = {1}
B' = {1,5}, তাই A∪B' = {1,2,3,5} {1} ≠ {1,2,3,5} ∴ ভুল
খ) (A ∪ B)' = A' ∪ B'
A ∪ B = {1,2,3,4}, তাই (A ∪ B)' = {5}
A' = {4,5}, B' = {1,5}, তাই A' ∪ B' = {1,4,5}
{5} ≠ {1,4,5} ∴ ভুল গ) (A ∩ B)' = A' ∪ B'
A ∩ B = {2,3}, তাই (A ∩ B)' = {1,4,5}
A' = {4,5}, B' = {1,5}, তাই A' ∪ B' = {1,4,5}
{1,4,5} = {1,4,5} ∴ সঠিক ঘ) (A ∩ B)' = A' ∩ B'
(A ∩ B)' = {1,4,5} A' ∩ B' = {5} {1,4,5} ≠ {5} ∴ ভুল

87. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য ১৮ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

(ক) ৭৯√৩ (খ) ৭২√৩

(গ) ৯১√৩ (ঘ) ৮১√৩

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: সমাধান: দেওয়া আছে,
সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য, a = ১৮ মিটার। আমরা জানি,
সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = √৩/৪ × (a^2) বর্গএকক।
∴ ত্রিভুজটির ক্ষেত্রফল = √৩/৪ × $(১৮)^2$ বর্গমিটার
= √৩/৪ × ৩২৪ বর্গমিটার = ৮১√৩ বর্গমিটার।

88. ৫০০ এর চেয়ে বড় ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা কোনটি?

(ক) ৫০৯ (খ) ৫০৭

(গ) ৫০৩ (ঘ) ৫০১

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: সমাধান: ৫০১ = ৩ × ১৬৭ ; সুতরাং, মৌলিক সংখ্যা নয়।
অন্যান্য কিছু মৌলিক সংখ্যা যা ৫০০-এর চেয়ে বড় সেগুলো হলো ৫০৯, ৫২১, ৫২৩, ৫৪১, ৫৪৭ ইত্যাদি।

মৌলিক সংখ্যা: একটি মৌলিক সংখ্যা হলো এমন একটি পূর্ণসংখ্যা যা ১-এর চেয়ে বড় এবং ১ ও সেই সংখ্যাটি ছাড়া অন্য কোনো ধনাত্মক উৎপাদক থাকে না।

89. ৫(১/৪) ও ২(১/৮) এর ল.সা.গু-

(ক) ১/৮ (খ) ১/৪

(গ) ৩৫৭/৪ (ঘ) ৩৫৭/৩২

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: Autoclave-এর প্রধান কাজ হলো উচ্চ তাপমাত্রা ও চাপের মাধ্যমে বাষ্প ব্যবহার করে সরঞ্জাম ও অন্যান্য জিনিসকে জীবাণুমুক্ত করা। এর মাধ্যমে ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক এবং স্পোর ধ্বংস করা হয়। এটি সকল ধরনের জীবাণুমুক্তকরণের একটি কার্যকর পদ্ধতি।

121. 'Apprentice' শব্দের অর্থ—

(ক) দক্ষতা
(খ) শিক্ষানবিশ
(গ) নৃতত্ত্ব
(ঘ) যথাযথ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Apprentice শব্দের অর্থ শিক্ষানবিশ। অন্যদিকে, দক্ষতা- Efficiency, নৃতত্ত্ব- Anthropology এবং যথাযথ- Appropriate।

122. The idiom 'Kith and kin' means—

(ক) ancestors
(খ) friends and relatives
(গ) close friends
(ঘ) immediate family

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Kith and kin অর্থ আত্মীয়স্বজন-বন্ধুবান্ধব, অর্থাৎ Friends and relative।

123. Which of the following is considered the first English Epic poem?

(ক) The Canterbury Tales
(খ) Beowulf
(গ) The Faerie Queene
(ঘ) Paradise Lost

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ইংরেজ সাহিত্যের প্রাচীন যুগ তথা Anglo-Saxon period-এর নিদর্শন Beowulf-কে ইংরেজি ভাষার প্রথম epic (মহাকাব্য) হিসেবে বিবেচনা করা হয়। এই মহাকাব্যের রচয়িতা অজ্ঞাতনামা। অন্যদিকে, The Canterbury Tales (by Geoffrey Chaucer), The Faerie Queene (by Edmund Spenser) এবং Paradise Lost (by John Milton) তিনটিই epic হলেও কোনোটিই ইংরেজি ভাষার প্রথম epic নয়।

124. কোন মুসলিম দেশ সামরিক জোট ন্যাটোর সদস্য?

(ক) মালয়েশিয়া
(খ) সৌদি আরব
(গ) পাকিস্তান
(ঘ) তুরস্ক

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ৪ এপ্রিল ১৯৪৯ যুক্তরাষ্ট্রের নেতৃত্বে পশ্চিমা বিশ্বের শক্তিশালী সামরিক জোট North Atlantic Treaty Organization (NATO) গঠিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে তৎকালীন সোভিয়েত ইউনিয়নের সম্ভাব্য আগ্রাসন থেকে পশ্চিম ইউরোপ ও উত্তর আমেরিকার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এই জোট গঠিত হয়। এর সদর দপ্তর অবস্থিত ব্রাসেলস, বেলজিয়াম। ৭ মার্চ ২০২৪ সর্বশেষ ৩২তম সদস্য হিসেবে সুইডেন ন্যাটোতে যোগ দেয়। উল্লেখ্য, ন্যাটোভুক্ত মুসলিম দেশ তুরস্ক ও আলবেনিয়া।

125. 'মঙ্গলকাব্য' বাংলা সাহিত্যের কোন যুগের সাহিত্যিক নিদর্শন?

(ক) আদিযুগ
(খ) মধ্যযুগ
(গ) অন্ধকার যুগ
(ঘ) প্রায় আধুনিক যুগ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 'মঙ্গলকাব্য' মধ্যযুগের সাহিত্য নিদর্শন। জনশ্রুতি অনুযায়ী এক মঙ্গলবার থেকে পরের মঙ্গলবার পর্যন্ত এ কাব্যের পাঠ চলত বলে এ কাব্যকে মঙ্গলবাক্য বলা হয়। কারো কারো মতে, এ কাব্য পাঠ বা শ্রবণ করলে মঙ্গল সাধিত হয় তাই মঙ্গল কাব্য। পনেরো থেকে আঠারো শতকের মধ্যে এ কাব্য রচিত হয়েছে। এ কাব্য দুই শ্রেণির হয়- লৌকিক ও পৌরাণিক। মঙ্গলকাব্যের প্রধান শাখা ৩টি- চণ্ডীমঙ্গল, মনসামঙ্গল ও অন্নদামঙ্গল এবং অপ্রধান শাখা ২টি- ধর্মমঙ্গল ও শিবমঙ্গল বা কালিকাঙ্গল। উল্লেখ্য, একটি সম্পূর্ণ মঙ্গলকাব্যে সাধারণত পাঁচটি অংশ থাকে এবং ভারতচন্দ্র রায়গুণাকর মঙ্গলকাব্য ধারার শেষ কবি।

126. ১৬:৯ এর দ্বিভাজিত অনুপাত কোনটি?

(ক) 04:09
(খ) 17:21
(গ) 16:03
(ঘ) 04:03

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ১৬ : ৯ এর দ্বিভাজিত অনুপাত

= √১৬ : √৯

= ৪ : ৩

127. 2 - 2 + 2 - 2 + ... ধারাটির 2n + 2 সংখ্যক পদের সমষ্টি কত?

(ক) 1 (খ) -1
(গ) 2 (ঘ) 0

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: প্রতি দুটি পদের সমষ্টি = 2 - 2 = 0

অর্থাৎ প্রতিটি জোড়ার সমষ্টি = 0

মোট পদ আছে 2n + 2 বা 2(n + 1) টি

অর্থাৎ n + 1 টি জোড়া পদ।

যেহেতু প্রতিটি জোড়ার সমষ্টি 0।

∴ মোট সমষ্টি 0।

128. 4^x + 4^(1-x) = 4 হলে x = কত?

(ক) 01-Apr (খ) 01-Mar
(গ) 01-Feb (ঘ) 1

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 4^x + 4^(1-x) = 4

⇒ 4^x + 4/4^x = 4

⇒ a + 4/a = 4 [ধরি, a = 4^x]

⇒ $(a^2 + 4)/a = 4$

⇒ $a^2 - 4a + 4 = 0$

⇒ $(a - 2)^2 = 0$

⇒ a = 2

∴ 4^x = 2 [∵ a = 4^x]

⇒ 2^(2x) = 2^1

⇒ 2x = 1

∴ x = 1/2

129. 'হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন'- কবিতাংশটি কোন ছন্দে লেখা?

(ক) মাত্রাবৃত্ত (খ) স্বরবৃত্ত
(গ) অক্ষরবৃত্ত (ঘ) লৌকিক ছন্দ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন' কবিতাংশটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত। প্রতি চরণে ১৪ মাত্রার দুটি পর্ব আছে। প্রথম পর্ব ৮ মাত্রার দ্বিতীয় পর্ব ৬ মাত্রার। কবিতাংশটি মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বঙ্গভাষা' সনেট থেকে নেওয়া হয়েছে।

130. The verb form of Necessity is —

(ক) necessarity (খ) necessitate
(গ) necessary (ঘ) necessities

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Necessity (প্রয়োজন) শব্দটি noun। এর verb form : necessitate (প্রয়োজনীয় করে তোলা)। আবার Necessary (প্রয়োজনীয়) হলো adjective।

131. কোনটি শব্দের শেষে যুক্ত হয় না?

(ক) প্রত্যয় (খ) বিভক্তি
(গ) চলক (ঘ) উপসর্গ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: উপসর্গ শব্দের শেষে নয়, শব্দের আগে যুক্ত হয়। এর অর্থ হলো 'উপসৃষ্টি'। যেসব অব্যয়সূচক শব্দাংশ অন্য শব্দের আগে বসে অর্থের সম্প্রসারণ, সংকোচন বা পরিবর্তনের মাধ্যমে নতুন শব্দ গঠন করে তাদেরকে উপসর্গ বলে। বাংলা ভাষায় তিন ধরনের উপসর্গ আছে— খাঁটি বাংলা উপসর্গ, তৎসম উপসর্গ ও বিদেশি উপসর্গ।

132. নিচের কোনটি গাড়ির গতি পরিমাপক যন্ত্র?

(ক) ব্যারোমিটার (খ) ওডোমিটার
(গ) অলটিমিটার (ঘ) ম্যানোমিটার

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মোটরগাড়ির গতি পরিমাপের যন্ত্রের নাম ওডোমিটার। বায়ুচাপ পরিমাপের যন্ত্রের নাম ব্যারোমিটার। উচ্চতা পরিমাপের যন্ত্রের নাম অলটিমিটার এবং গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্রের নাম ম্যানোমিটার।

BCS PIONEER

133. জার্মানির প্রথম নারী চ্যান্সেলর কে?

(ক) অ্যানেগরেট ক্রাম্প
(খ) লিনা হেডরিচ
(গ) অ্যাঙ্গেলা মার্কেল
(ঘ) পেট্রা কেলি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: জার্মানির প্রথম ও একমাত্র নারী চ্যান্সেলর হলেন খ্রিস্টান ডেমোক্রেটিক ইউনিয়ন দলের অ্যাঙ্গেলা মার্কেল। তিনি ২২ নভেম্বর ২০০৫ থেকে বিরতিহীনভাবে ৮ ডিসেম্বর ২০২১ পর্যন্ত দেশটির চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন। জার্মানির বর্তমান চ্যান্সেলর হলেন একই দলের ফ্রিডরিখ মের্ৎস (Friedrich Merz)। তিনি ২০২৫ সালের ৬ মে জার্মানির দশম চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

134. বাংলাদেশকে স্বাধীন দেশ হিসাবে প্রথম স্বীকৃতি প্রদানকারী দেশ কোনটি?

(ক) ভারত
(খ) ভুটান
(গ) শ্রীলংকা
(ঘ) রাশিয়া

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান। (৬ ডিসেম্বর ১৯৭১)। ভুটানের কিছু সময় পর ভারতও (৬ ডিসেম্বর ১৯৭১) দ্বিতীয় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয়।

135. মহুয়া পালাটির রচয়িতা কে?

(ক) মুকুন্দরাম চক্রবর্তী
(খ) ঈশ্বরচন্দ্র গুপ্ত
(গ) দ্বিজ কানাই
(ঘ) আলাওল

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: মহুয়া পালা-র রচয়িতা দ্বিজ কানাই। এটি ময়মনসিংহ গীতিকার অন্তর্গত একটি পালা। অনুমানিক ১৬৫০ খ্রিষ্টাব্দে পালাটি রচিত হয়েছে বলে দীনেশচন্দ্র সেনের মত। হুমরা বেদ্য, নদের চাঁদ ও মহুয়া এ পালার কেন্দ্রীয় তিন চরিত্র। ময়মনসিংহ গীতিকার অন্যান্য উল্লেখযোগ্য পালা—মলুয়া, দস্যু কেনারামের পালা, কাজলরেখা, দেওয়ানা মদিনা, কমলা, দেওয়ান ভাবনা ইত্যাদি।

136. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মারা যান কত সালে?

(ক) 0
(খ) 0
(গ) 0
(ঘ) 0

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম ১৮২০ সালে পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে। সংস্কৃত কলেজে পড়ার সময় বিশেষ কৃতিত্বের জন্য 'বিদ্যাসাগর' উপাধি পান। তাকে বাংলা গদ্যের জনক বলা হয়। ১৮৫৫ সালে তার রচিত 'বর্ণপরিচয়' বইটি ক্লাসিক মর্যাদা পায়। তিনি বাংলা ভাষায় বিরামচিহ্নের প্রবর্তক। ১৮৯১ সালে তিনি মৃত্যুবরণ করেন।

137. ওয়াল স্ট্রিট কোথায় অবস্থিত?

(ক) নিউইয়র্ক
(খ) লস অ্যাঞ্জেলেস
(গ) চীন
(ঘ) ওয়াশিংটন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ওয়াল স্ট্রিট নিউইয়র্ক শহরের একটি বিখ্যাত সড়ক। মূলধনের দিক থেকে বিশ্বের সর্ববৃহৎ শেয়ার বাজার 'নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ' এই সড়কে অবস্থিত বলে এর খ্যাতি বিশ্বব্যাপী। অর্থনীতিবিষয়ক আন্তর্জাতিক দৈনিক পত্রিকা 'দ্য ওয়াল স্ট্রিট জার্নাল'র সদর দপ্তর এই সড়কেই অবস্থিত। ১৬৫৩ খ্রিষ্টাব্দে ওলন্দাজরা ব্রিটিশ ও স্থানীয় অধিবাসীদের আক্রমণ প্রতিরোধের জন্য 'নিউ আমস্টারডাম' তথা বর্তমান নিউইয়র্কে মাটির তৈরি রক্ষাপ্রাচীর গড়ে তুলেছিল; তা থেকেই এ সড়কের নাম 'ওয়াল স্ট্রিট' হয়েছে।

138. কোনটি সংস্কৃত অনুসর্গ নয়?

(ক) অপেক্ষা
(খ) জন্য
(গ) কর্তৃক
(ঘ) ছাড়া

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: বাংলা ভাষার যেসব সহায়ক শব্দ কখনো স্বাধীন পদরূপে আবার কখনো শব্দ-বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে সেগুলোকে অনুসর্গ বলে। নাম বা বিশেষ্য অনুসর্গের মধ্যে সংস্কৃত অনুসর্গ পড়ে। যেমন- অপেক্ষা, জন্য, কর্তৃক। অন্যদিকে 'ছাড়া' সংস্কৃত অনুসর্গ নয়।

139. আলুটিলা প্রাকৃতিক গুহা কোন জেলায় অবস্থিত?

(ক) খাগড়াছড়ি
(খ) রাঙ্গামাটি
(গ) বান্দরবান
(ঘ) সিলেট

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: আলুটিলা প্রাকৃতিক গুহা বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত খাগড়াছড়ির মাটিরাঙ্গা উপজেলায় অবস্থিত। এটি আলুটিলা বা আরবারি পাহাড়ের ভেতরে সমুদ্রপৃষ্ঠ থেকে ৬০০ ফুট ওপরে অবস্থিত। স্থানীয় ত্রিপুরা সম্প্রদায়ের কাছে এটি 'মাতাই হাকড়' বা 'দেবতার গুহা' নামে পরিচিত। গুহাটি দেখতে অনেকটা ভূগর্ভস্থ টানেলের মতো, যার দৈর্ঘ্য প্রায় ৩৫০ ফুট। উল্লেখ্য, খাগড়াছড়ি জেলার অন্যান্য দর্শনীয় স্থানগুলো হলো— রিছাং ঝরনা, ভগবান টিলা, দীঘিনালা তেদুছড়া ঝরনা, তৈলাফাং ঝরনা, হাতিমুড়া (স্বর্গের সিঁড়ি)।

140. একটি সুষম বহুভুজের প্রত্যেকটি কোণ ১৬৮° হলে এর বাহুর সংখ্যা কত?

(ক) ৩০টি
(খ) ২০টি
(গ) ১৮টি
(ঘ) ১৫টি

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ((n - 2) × 180) / n = 168

⇒ 180n - 360 = 168n

⇒ 180n - 168n = 360

⇒ 12n = 360

∴ n = 360 / 12 = 30

141. একটি ভোট কেন্দ্রে উপস্থিত ভোটারদের ৬০% ভোট পেয়ে একজন প্রার্থী নির্বাচিত হয়েছেন। তিনি একমাত্র প্রতিদ্বন্দ্বী অপেক্ষা ৭৫০০ ভোট বেশি পেয়েছেন। ভোট কেন্দ্রে কতজন ভোটার উপস্থিত ছিল?

(ক) 0 (খ) 0
(গ) 0 (ঘ) 0

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ধরি, উপস্থিত ভোটার সংখ্যা ১০০ জন।

বিজয়ী প্রার্থী ভোট পায় ৬০টি।

∴ পরাজিত প্রার্থী ভোট পায় = ১০০ - ৬০ = ৪০টি

∴ বিজয়ী প্রার্থী বেশি ভোট পায় = (৬০ - ৪০) = ২০টি

২০টি ভোট বেশি পেলে ভোটার সংখ্যা ১০০ জন

∴ ১টি ভোট বেশি পেলে ভোটার সংখ্যা ১০০ / ২০ জন

∴ ৭৫০০টি ভোট বেশি পেলে ভোটার সংখ্যা (১০০ × ৭৫০০) / ২০ = ৩৭, ৫০০ জন।

142. Put appropriate preposition in the gap— The Bay of Bengal is — the South of Bangladesh.

(ক) at (খ) on
(গ) to (ঘ) in

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: কোনো অবস্থানের জন্য কোনো দিকের নাম নির্দেশ করতে preposition হিসেবে to ব্যবহৃত হয়।

143. মায়া সভ্যতা বিশ্বের কোন অঞ্চলে বিরাজমান ছিল?

(ক) পূর্ব এশিয়া (খ) মধ্য আমেরিকা
(গ) মধ্যপ্রাচ্য (ঘ) পূর্ব আফ্রিকা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মায়া সভ্যতা মধ্য আমেরিকার বিস্তীর্ণ অঞ্চলজুড়ে খ্রিষ্টপূর্ব ২০০০ অব্দ থেকে খ্রিষ্টীয় সপ্তদশ শতাব্দীর শেষ পর্যন্ত বিরাজমান ছিল। মেক্সিকোর জুকাটান উপদ্বীপ থেকে এ সভ্যতার যাত্রা শুরু হয়ে আজকের গুয়েতেমালা, বেলিজ, এল সালভাদর ও হন্ডুরাস জুড়ে প্রসারিত হয়েছিল।

144. Great — are never great doers.

(ক) talkative (খ) talker
(গ) talks (ঘ) talkers

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: শূন্যস্থানে 'talkers' বসবে। 'Great talkers are never great doers'– এটি একটি প্রবাদবাক্য, যার অর্থ— মুখে বুলি লম্বা, কাজে অষ্টরম্ভা।

145. কোনটি জাতিসংঘের সহযোগী নয়?

(ক) ILO (খ) WHO
(গ) ASEAN (ঘ) উপরের সব কয়টি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) ভার্সাই চুক্তি অনুযায়ী ১৯১৯ সালের ১১ এপ্রিল প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৬ সালে জাতিসংঘের সহযোগী সংস্থা হিসেবে স্বীকৃতি লাভ করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ৭ এপ্রিল ১৯৪৮ জাতিসংঘের একটি বিশেষায়িত সংস্থা হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। উভয়ের সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। অন্যদিকে, ASEAN (Association of Southeast Asian Nations) হলো দক্ষিণ-পূর্ব এশীয় জাতিসমূহের অর্থনৈতিক জোট। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৬৭ সালের ৮ আগস্ট এবং সদর দপ্তর জাকার্তা, ইন্দোনেশিয়া। সংস্থাটির ১১তম ও সর্বশেষ দেশ হিসেবে পূর্বতিমুর সদস্যপদ লাভ করে ২৬ অক্টোবর ২০২৫।

146. ৫২টি তাসের একটি প্যাকেট থেকে ১টি তাস বের করা হলে তাসটি টেক্কা না হওয়ার সম্ভাবনা কত?

(ক) Jan-13 (খ) Feb-13
(গ) Dec-13 (ঘ) Nov-13

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ৫২টি তাসের মধ্যে টেক্কা ৪টি

∴ উত্তোলিত তাসটি টেক্কা হওয়ার সম্ভাবনা 4/52 = 1/13

∴ টেক্কা না হওয়ার সম্ভাবনা = (1 - 1/13) = 12/13

BCS PIONEER

147. ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালির অবস্থান?

(ক) হরমুজ
(খ) জিব্রাল্টার
(গ) বসফরাস
(ঘ) দার্দানেলিস

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরকে যুক্ত করেছে জিব্রাল্টার প্রণালি এবং আফ্রিকার মরক্কো ও ইউরোপের স্পেনকে পৃথক করেছে। হরমুজ, দার্দানেলিস ও বসফরাস প্রণালি যথাক্রমে পারস্য উপসাগর-ওমান উপসাগর, এজিয়ান সাগর-মর্মর সাগর, মর্মর সাগর-কৃষ্ণ সাগরের মধ্যে অবস্থিত।

148. একজন মাঝি নৌকা চালানোর সময় প্রয়োগ করে—

(ক) নিউটনের প্রথম সূত্র
(খ) নিউটনের দ্বিতীয় সূত্র
(গ) নিউটনের তৃতীয় সূত্র
(ঘ) নিউটনের মহাকর্ষীয় সূত্র

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: নিউটনের তৃতীয় সূত্র মতে– প্রত্যেকটি ক্রিয়ারই সমান ও বিপরীত প্রতিক্রিয়া থাকে। মাঝির নৌকা চালানোর সময় নিউটনের তৃতীয় সূত্র প্রয়োগ হয়। মাঝি যখন বৈঠা দিয়ে পানিকে পেছনে ঠেলে দেয়, তখন পানিও নৌকার উপর সমান ও বিপরীত দিকে ঠেলা দেয়। ফলশ্রুতিতে নৌকা সামনের দিকে আগায়। মাঝির নৌকা চালানো, বন্দুকের গুলি ছোড়া, রকেটের উড্ডয়ন প্রভৃতি নিউটনের তৃতীয় সূত্রের উদাহরণ।

149. Fill in the blank with the right form of the verb: "We look forward to — form you".

(ক) hear
(খ) hearing
(গ) heard
(ঘ) have heard

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: সাধারণত to-এর পর verb-এর base form বসলেও with view to, look forward to, accustomed to প্রভৃতির পর মূল verb + ing হয়। অর্থাৎ এখানে hearing সঠিক উত্তর।

150. সমতটের বর্তমান অবস্থান কোথায়?

(ক) বগুড়া ও রাজশাহী
(খ) বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল
(গ) বরিশাল
(ঘ) ঢাকা ও ফরিদপুর

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: প্রাচীন বাংলায় 'সমতট' বর্তমান কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল নিয়ে গঠিত ছিল। এ জনপদের কেন্দ্রস্থল ছিল কুমিল্লা জেলার বড় কামতায়। হিউয়েন সাঙ-এর বর্ণনা অনুসারে, সমতট জনপদের অবস্থান ছিল কামরূপের দক্ষিণে। উল্লেখ্য, বগুড়া ও দিনাজপুর অঞ্চল বরেন্দ্র জনপদের অংশ ছিল। ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল বঙ্গ জনপদের অংশ ছিল। বৃহত্তর সিলেট অঞ্চল ও চট্টগ্রামের অংশবিশেষ ছিল হরিকেল জনপদের অংশ।

151. কতজন শিশুর মধ্যে কোন ফল না ভেঙে ১১৫টি কলা ও ১৫০টি কমলা ভাগ করে দেয়া যায়?

(ক) ৩ জন
(খ) ৫ জন
(গ) ১০ জন
(ঘ) ১৫ জন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: নির্ণেয় শিশুর সংখ্যা হবে ১১৫ এবং ১৫০ এর গ.সা.গু.র সমান।

১১৫ এবং ১৫০ এর গ.সা.গু. হলো ৫।

∴ শিশুর সংখ্যা ৫ জন।

152. ১০৫ থেকে ১৩৫ পর্যন্ত মধ্যবর্তী ক্ষুদ্রতম ও বৃহত্তম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?

(ক) 0
(খ) 0
(গ) 0
(ঘ) 0

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ১০৫ থেকে ১৩৫ পর্যন্ত মধ্যবর্তী, ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা ১০৭ এবং বৃহত্তম মৌলিক সংখ্যা ১৩১।

এখন, ১০৭ ও ১৩১ এর গড় = (১০৭ + ১৩১) / ২

= ২৩৮ / ২ = ১১৯

153. প্রমিত ভাষার ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?

(ক) এ ভাষা সহজ-সরল
(খ) এ ভাষা সবাই বোঝে
(গ) এ ভাষা দুর্বোধ্য
(ঘ) এ ভাষা বিভিন্ন আদলের

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: প্রমিত ভাষার বৈশিষ্ট্য হিসেবে প্রযোজ্য হলো এ ভাষা সবাই বোঝে। ভাব বিনিময়ের দিক থেকে এ ভাষা সর্বজনগ্রাহ্য ও সর্বজনবোধ্য। ভাষার সর্বজনগ্রাহ্য ও সমকালের সর্বোচ্চ মার্জিত শিষ্ট রূপকেই প্রমিত ভাষারীতি বলে।

154. কোন উপজাতি বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ধর্ম ইসলাম?

(ক) রাখাইন
(খ) মারমা
(গ) পাঙন
(ঘ) খিয়াং

BCS PIONEER

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বাংলাদেশে বর্তমানে ৫০টি নৃ-গোষ্ঠী বসবাস করে। এর মধ্যে একমাত্র পাঙন উপজাতিই ইসলাম ধর্মের অনুসারী। পাঙন উপজাতিরা মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় বসবাস করে। এরা পারিবারিকভাবে পিতৃতান্ত্রিক। বাংলাদেশ ব্যতীত ভারতের মণিপুর, আসাম ও ত্রিপুরাতে অধিক সংখ্যক পাঙন নৃ-গোষ্ঠী বসবাস করছে।

155. He went out — the cold weather.

(ক) despite (খ) besides
(গ) although (ঘ) whether

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: Noun phrase-এর পূর্বে 'কোনোকিছু সত্ত্বেও' অর্থে inspite of বা despite ব্যবহৃত হয়। এখানে 'আবহাওয়া শীতল হওয়া সত্ত্বেও সে বাইরে গেল' অর্থ প্রকাশে despite সঠিক উত্তর।

156. He said, "I went to Khulna". The indirect speech is—

(ক) He said that he went to Khulna
(খ) He said that he had gone to Khulna
(গ) He said that he has gone to Khulna
(ঘ) He said that he would go to Khulna

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Direct speech-এর reported speech যদি past indefinite হয়, তবে indirect করার সময় তা past perfect tense-এ হয়। অর্থাৎ 'He said that he had gone to Khulna' সঠিক উত্তর।

157. 'কারক' বাংলা ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়েছে?

(ক) ধ্বনিতত্ত্বে (খ) রূপতত্ত্বে
(গ) বাক্যতত্ত্বে (ঘ) অর্থতত্ত্বে

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: সাধারণভাবে 'কারক' ব্যাকরণের রূপতত্ত্বের আলোচ্য বিষয়। তবে কারক বিশ্লেষণের ক্ষেত্রে বাক্যতত্ত্বের প্রয়োজন হয়।

158. একটি কোণের মান তার পূরক কোণের মানের চতুর্থাংশের সমান। কোণটির মান কত?

(ক) 18° (খ) 36°
(গ) 30° (ঘ) 45°

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ধরি, কোণটির মান x

পূরক কোণের মান = 90° - x

প্রশ্নমতে, x = 1/4(90° - x)

⇒ 4x = 90° - x

⇒ 5x = 90°

∴ x = 18°

অর্থাৎ কোণটির মান 18°।

159. কোনটি কর্মধারয় সমাস নয়?

(ক) বেগুন ভাজা (খ) মৃদুমন্দ
(গ) লালফুল (ঘ) গুণমুগ্ধ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: যে সমাসে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে আসে তাকে কর্মধারয় সমাস বলে। ভাজা যে বেগুন = বেগুনভাজা, যা মৃদু তাই মন্দ = মৃদুমন্দ, লাল যে ফুল = লালফুল— তিনটিই কর্মধারয় সমাসের উদাহরণ। অন্যদিকে, 'গুণমুগ্ধ' তৎপুরুষ সমাস (গুণে মুগ্ধ)।

160. যদি 'ক' এবং 'খ' উভয়ই জোড় সংখ্যা হয়, তাহলে নিচের কোনটি অবশ্যই বিজোড় সংখ্যা হবে?

(ক) ক + ২খ (খ) কখ + ১
(গ) ক + খ (ঘ) ২ক + খ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ধরি, ক এবং খ প্রত্যেকের মান ২।

তাহলে প্রদত্ত মান দাঁড়ায়,

(ক) ক + ২খ = ২ + ২ × ২ = ৬ (জোড়)

(খ) কখ + ১ = ২ × ২ + ১ = ৫ (বিজোড়)

(গ) ক + খ = ২ + ২ = ৪ (জোড়)

(ঘ) ২ক + খ = ২ × ২ + ২ = ৬ (জোড়)

সঠিক উত্তর কখ + ১

BCS PIONEER

161. "প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ" বাংলাদেশের সংবিধানের কত নং অনুচ্ছেদে বলা হয়েছে—

(ক) ৫নং (খ) ৬নং
(গ) ৭নং (ঘ) ৮নং

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭(১) অনুচ্ছেদে বলা হয়েছে "প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে।" উল্লেখ্য, বাংলাদেশের সংবিধানে ১১টি ভাগ, ১৫৩টি অনুচ্ছেদ ও ৭টি তফসিল রয়েছে।

162. 'তাল ও মাতাল' কোন সমাস?

(ক) দ্বিগু (খ) কর্মধারয়
(গ) দ্বন্দ্ব (ঘ) তৎপুরুষ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: যে সমাসে প্রতিটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন : তাল ও মাতাল = তাল-মাতাল, অহি ও নকুল = অহিনকুল, হাট ও বাজার = হাট-বাজার, সাহেব, বিবি ও গোলাম = সাহেব-বিবি-গোলাম ইত্যাদি।

163. I had better — home. Use the right form of verb.

(ক) gone (খ) go
(গ) would go (ঘ) went

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Had better-এর পর সবসময় verb-এর base form হয়। তাই go এখানে সঠিক উত্তর।

164. Choose the appropriate antonym for "Affluent".

(ক) Opulent (খ) Prosperous
(গ) Impoverished (ঘ) Wealthy

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: Affluent অর্থ সমৃদ্ধ, প্রাচুর্য। এর antonym হিসেবে অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে সঠিক : Impoverished (দরিদ্র)। অন্যদিকে, Opulent, prosperous, wealthy তিনটি শব্দেরই অর্থ বিত্তবান বা সমৃদ্ধিশালী। এগুলো affluent-এর synonym হিসেবে গ্রহণযোগ্য।

165. কোনটি হাসান আজিজুল হকের রচনা নয়?

(ক) জীবন ঘষে আগুন (খ) আগুন পাখি
(গ) নামহীন গোত্রহীন (ঘ) যোগাযোগ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: হাসান আজিজুল হক রচিত উপন্যাস 'আগুন পাখি' (২০০৬); গল্পগ্রন্থ- জীবন ঘষে আগুন (১৯৭৩), নামহীন গোত্রহীন (১৯৭৫)। অন্যদিকে 'যোগাযোগ' (১৯২৯) সামন্তবাদের বিলুপ্তি নিয়ে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস।

166. ৬% বার্ষিক মুনাফায় কত টাকার বার্ষিক মুনাফা ১৮০ টাকা হবে?

(ক) ৩৩০০ টাকা (খ) ২০০০ টাকা
(গ) ৩০০০ টাকা (ঘ) ১৮০০ টাকা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: আমরা জানি,

$I = Pnr$

$\Rightarrow 180 = P \times 1 \times (6/100)$

$\Rightarrow P = (18000/6)$

$\therefore P = 3000$

∴ মূলধন বা আসল ৩০০০ টাকা।

167. The greater the demand — the price.

(ক) higher (খ) the highest
(গ) high (ঘ) the higher

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: সমানুপাতিক বৃদ্ধি বা হ্রাস করার ক্ষেত্রে The + comparative degree ... + the + comparative degree ... হয়। অর্থাৎ the higher সঠিক।

168. Identify the correct sentence—

(ক) Why have you done this? (খ) Why you had done this?
(গ) Why did you done this? (ঘ) Why you have done this?

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: Wh-word-যুক্ত interrogative sentence গঠনের সঠিক নিয়ম : Wh-word + auxiliary verb + মূল verb (tense-ভেদে

BCS PIONEER

ভিন্ন ভিন্ন form) ... + extension + question mark (?)। এই নিয়মে সঠিক উত্তর 'Why have you done this?'

169. স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম কোন দেশ স্বীকৃতি প্রদান করে?

(ক) ইরাক (খ) ইরান
(গ) সৌদি আরব (ঘ) আলজেরিয়া

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ফিলিস্তিনকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ আলজেরিয়া। ১৯৮৮ সালের ১৫ নভেম্বর Palestine Liberation Organization (PLO)-এর আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সের এক অধিবেশনে ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম স্বীকৃতি প্রদান করা হয়।

170. 'ক্ষ্ম' গঠিত হয়েছে—

(ক) ক্ + ষ্ + ণ (খ) ক্ + ষ + ন
(গ) ক্ + ষ্ + ন (ঘ) ক্ + ষ্ + ম্

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'ক্ + ষ্ + ম্'-এ বিশ্লেষণে যুক্তবর্ণ হবে 'ক্ষ্ম'। আবার 'ক্ষ' এর বিশ্লেষণ 'ক্ + ষ্'।

171. She left the country for good. It means, she left the country—

(ক) for a good cause (খ) temporarily
(গ) finally (ঘ) forever

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'For good' idiom-টির অর্থ চিরতরে, অর্থাৎ permanently বা forever।

172. Fill in the blank : He has been in Dhaka — the liberation war.

(ক) from (খ) since
(গ) for (ঘ) when

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Present perfect tense-এ নির্দিষ্ট সময় হতে বোঝালে, point of time (সূচনালগ্ন) অর্থে since বসে। 'সে স্বাধীনতা যুদ্ধের সময় থেকে ঢাকায় আছে' বোঝাতে এখানে since হবে।

173. প্রথম বাঙালি নারী কবি কে?

(ক) চন্দ্রাবতী (খ) কামিনী রায়
(গ) স্বর্ণকুমারী দেবী (ঘ) বেগম রোকেয়া

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: প্রথম বাঙালি নারী কবি চন্দ্রাবতী। তিনি মনসামঙ্গলের কবি দ্বিজ বংশীদাসের কন্যা। পিতার আদেশে তিনি 'রামায়ণ' রচনা করেন যেটি 'চন্দ্রাবতী রামায়ণ' নামে পরিচিত। তার রচিত উল্লেখযোগ্য কাব্য- মলুয়া, দস্যু কেনারামের পালা।

174. How fast the bus runs! Here fast is a/an

(ক) Verb (খ) Adjective
(গ) Adverb (ঘ) Noun

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: এখানে 'fast' adverb। কেননা এটি 'run' verb-টিকে modify করেছে।

175. জাতিসংঘের কোন সংস্থাটি করোনা ভাইরাসকে Pandemic ঘোষণা করেছে?

(ক) FAO (খ) ECOSOC
(গ) WHO (ঘ) HRC

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ১১ মার্চ ২০২০, করোনা ভাইরাসকে Pandemic (অতিমারি) হিসেবে ঘোষণা করেছে। সংস্থাটির সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ৭ এপ্রিল ১৯৪৮। সংস্থাটির বর্তমান ও অষ্টম মহাপরিচালক ইথিওপিয়ার টেড্রোস আধানম ঘেব্রিয়েসাস (২০১৭–বর্তমান)।

176. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?

(ক) বান্দরবান (খ) মহেশখালী
(গ) চকরিয়া (ঘ) কাপ্তাই

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: কক্সবাজার জেলার অন্তর্গত বাঁকখালী নদীর মোহনায় অবস্থিত বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। মহেশখালী, সোনাদিয়া, মাতারবাড়ি ও ধলঘাটা–এ চারটি দ্বীপের সমন্বয়ে মহেশখালী উপজেলা গঠিত, যার আয়তন ৩৬২.১৮ বর্গ কিমি। দ্বীপটি কক্সবাজার জেলার 'ভাটি অঞ্চল দ্বীপ' হিসেবে বিবেচিত। এ দ্বীপের পাহাড়ের ওপর অবস্থিত আদিনাথ মন্দিরকে ঘিরে গড়ে উঠেছে পর্যটন কেন্দ্র।

177. কোন সংখ্যাটি বৃহত্তম?

(ক) √0.3 (খ) 0.3
(গ) 01-Mar (ঘ) 01-May

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: (ক) √০.৩ = ০.৫৪৭৭ (বৃহত্তম)

(খ) ০.৩

(গ) ১/৩ = ০.৩৩৩৩

(ঘ) ১/৫ = ০.২

178. What would be the synonym for 'Magnanimous'?

(ক) generous (খ) unkindly
(গ) ignoble (ঘ) selfish

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 'Magnanimous' অর্থ মহান, উদার। অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে এর synonym হচ্ছে generous (মহান, উদার)। অন্যদিকে, unkindly—নিষ্ঠুরভাবে, ignoble—অবজ্ঞা ও selfish—স্বার্থপর, যা বিপরীতার্থক অর্থ প্রকাশ করে।

179. একটি সংখ্যা ও তার গুণাত্মক বিপরীত এর সমষ্টি 2 হলে, সংখ্যাটি কত?

(ক) -1 (খ) -2
(গ) 2 (ঘ) 1

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ধরি সংখ্যাটি x

এর গুণাত্মক বিপরীত 1/x

প্রশ্নমতে, $x + 1/x = 2$

$\Rightarrow (x^2 + 1) / x = 2$

$\Rightarrow x^2 + 1 = 2x$

$\Rightarrow x^2 - 2x + 1 = 0$

$\Rightarrow (x - 1)^2 = 0$

$\therefore x = 1$

∴ নির্ণেয় সংখ্যাটি 1।

180. একটি ট্রেন ঘণ্টায় ৯৬ কি.মি. বেগে চলে। ট্রেনটি ৯০০ মিটার দীর্ঘ একটি সেতু ১ মিনিটে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত?

(ক) ৭০০ মি. (খ) ৮০০ মি.
(গ) ৯০০ মি. (ঘ) ৯৬০ মি.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: দেওয়া আছে, ট্রেনের গতি = ৯৬ কিমি/ঘণ্টা

= ৯৬ × (১০০০ / ৬০) মি/মিনিট

= ১৬০০ মি/মিনিট

∴ ১ মিনিটে অতিক্রান্ত দূরত্ব = ১৬০০ মিটার।

এখানে, ট্রেনের দৈর্ঘ্য + সেতুর দৈর্ঘ্য = ১৬০০ মিটার

⇒ ট্রেনের দৈর্ঘ্য = ১৬০০ - ৯০০ মিটার

∴ ট্রেনের দৈর্ঘ্য = ৭০০ মিটার।

181. একটি চতুর্ভুজ আঁকতে কয়টি অনন্য নিরপেক্ষ উপাত্তের প্রয়োজন?

(ক) ৫টি (খ) ৪টি
(গ) ৩টি (ঘ) ৬টি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: একটি চতুর্ভুজ আঁকতে হলে ৫টি অনন্য নিরপেক্ষ উপাত্ত জানা প্রয়োজন। এগুলো হলো :

i. চারটি বাহু ও একটি কোণ;
ii. চারটি বাহু ও একটি কর্ণ;
iii. তিন কোণ ও দুটি বাহু;
iv. তিন বাহু ও দুটি কর্ণ;
v. তিনটি বাহু ও এদের অন্তর্ভুক্ত দুটি কোণ।

182. আন্তর্জাতিক মুদ্রা তহবিল কোন সালে গঠিত হয়?

(ক) ১৯৪৫ সালে (খ) ১৯৪৪ সালে
(গ) ১৯৪৮ সালে (ঘ) ১৯৪৯ সালে

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) ১৯৪৪ সালের ১-২২ জুলাই অনুষ্ঠিত ব্রেটন উডস সম্মেলনে ৪৫টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে গঠিত হয়, যা আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয় ২৭ ডিসেম্বর ১৯৪৫। উল্লেখ্য, সংস্থাটি কার্যক্রম শুরু করে ১ মার্চ ১৯৪৭। এর সদর দপ্তর ওয়াশিংটনে।

183. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট কে?

BCS PIONEER

(ক) টমাস জেফারসন
(খ) জর্জ ওয়াশিংটন
(গ) জন এডামস
(ঘ) জেমস মনরো

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট হিসেবে ৩০ এপ্রিল ১৭৮৯ থেকে ৪ মার্চ ১৭৯৭ পর্যন্ত দায়িত্ব পালন করেন জর্জ ওয়াশিংটন। তিনি আমেরিকার স্বাধীনতা যুদ্ধে কন্টিনেন্টাল আর্মির সর্বাধিনায়কের দায়িত্ব পালন করেন, যার ফলে তিনি আমেরিকার জাতির পিতা হিসেবে পরিচিতি লাভ করেন।

184. কোন দেশ থেকে আরব বসন্ত সূচনা হয়?

(ক) তিউনিশিয়া
(খ) মিসর
(গ) লিবিয়া
(ঘ) সিরিয়া

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: বুয়াজিজি'র আত্মাহুতিকে কেন্দ্র করে ২০১০ সালের ডিসেম্বরে তিউনিশিয়ায় আরব বসন্তের সূচনা হয়। ২০১১ সালে মিসরের তাহরির স্কয়ার ও রাজপথে মুসলিম ব্রাদারহুডসহ বিভিন্ন সংগঠনের আন্দোলনের মুখে একনায়ক হোসনী মোবারকের ৩০ বছরের শাসনের অবসান ঘটে। সর্বশেষ ৮ ডিসেম্বর ২০২৪ এ আন্দোলনের ঢেউয়ে সিরিয়ার স্বৈরশাসক বাশার আল আসাদের ২৪ বছরের শাসনের অবসান ঘটে।

185. লেবু গাছ কোন জাতীয় উদ্ভিদ?

(ক) বৃক্ষ
(খ) বীরুৎ
(গ) গুল্ম
(ঘ) কোনোটিই নয়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: গুল্ম:

লেবু গাছ গুল্ম জাতীয় উদ্ভিদ। গুল্ম বলতে এমন স্থায়ী কাণ্ডবিশিষ্ট উদ্ভিদকে বোঝানো হয় যা সাধারণত মাটির কাছাকাছি থেকে শাখা-প্রশাখা বিস্তার করে এবং বৃক্ষের মতো একটি মাত্র কাণ্ড থাকে না। কিছু গুল্ম জাতীয় উদ্ভিদের উদাহরণ হলো— লেবু, গোলাপ, জবা, জুঁই, তুলসি ইত্যাদি।

বিরুৎ (Herb):

— বৈশিষ্ট্য: এদের কাণ্ড নরম ও ছোট হয়। সাধারণত এরা আকারে ছোট এবং এদের শেকড় মাটির খুব বেশি গভীরে যায় না। এদের কাণ্ডে কোনো কাঠ থাকে না।

— উদাহরণ: ধান, গম, সরিষা, মরিচ, ঘাস, কচু, আলু, লাউ, কুমড়া ইত্যাদি। (কলা গাছকেও বড় আকারের বিরুৎ বলা হয়)।

186. ভারত সরকার কাকে 'পদ্মভূষণ' উপাধিতে ভূষিত করেন?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) কাজী নজরুল ইসলাম
(গ) আনিসুর রহমান
(ঘ) মুনীর চৌধুরী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: [Note : ভারত সরকার কাজী নজরুল ইসলামকে ১৯৬০ সালে এবং ড. আনিসুজ্জামানকে ২০১৪ সালে 'পদ্মভূষণ' উপাধিতে ভূষিত করেন।]

187. আন্তর্জাতিক নারী দিবস কবে পালিত হয়?

(ক) ৭ জানুয়ারি
(খ) ৮ ফেব্রুয়ারি
(গ) ৮ মার্চ
(ঘ) ৮ এপ্রিল

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: আন্তর্জাতিক নারী দিবস প্রতি বছর মার্চ মাসের ৮ তারিখে পালিত হয়। জাতিসংঘ ১৯৭৫ সালে ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে।

188. বাংলা ভাষার স্বরধ্বনিমূল কয়টি?

(ক) সাতটি
(খ) নয়টি
(গ) দশটি
(ঘ) এগারোটি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: যেসব স্বরধ্বনি অন্য স্বরধ্বনির সাহায্য ছাড়াই উচ্চারিত হতে পারে তাদেরকে স্বরধ্বনিমূল বা মৌলিক স্বরধ্বনি বলে। স্বরধ্বনিমূল সাতটি, যথা : অ, আ, অ্যা, ই, উ, এ, ও।

189. Which one is a masculine gender?

(ক) Hen
(খ) Bull
(গ) Bee
(ঘ) Cow

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: অপশনসমূহের মধ্যে একমাত্র Bull (ষাঁড়) হলো masculine gender। এর feminine হলো cow (গাভী)। অন্যদিকে Hen, Bee, Cow তিনটিই feminine gender। যাদের masculine যথাক্রমে cock, drone, bull/ox।

190. বাংলাদেশে সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয় কোন জেলায়?

(ক) ঢাকা
(খ) ময়মনসিংহ
(গ) ফরিদপুর
(ঘ) টাঙ্গাইল

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বাংলাদেশে সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয় ফরিদপুর জেলায়। কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২৪ অনুযায়ী, ফরিদপুর জেলায় পাট উৎপন্ন হয় ১২,৩৭,৩২০ বেল। অন্যদিকে, ঢাকা, ময়মনসিংহ ও টাঙ্গাইলে পাট উৎপন্ন হয় যথাক্রমে ৩৮,২৪৩ বেল, ৫৯,৭০৯ বেল ও ২,১৩,০৯৫ বেল।

BCS PIONEER

191. কৃত্রিম বুদ্ধিমত্তা এর জনক কে?

(ক) অ্যালান টুরিং
(খ) চার্লস ব্যাবেজ
(গ) জ্যাক কেলবি
(ঘ) হাওয়ার্ড আইকেন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: কৃত্রিম বুদ্ধিমত্তার জনক হিসেবে জন ম্যাকার্থি এবং অ্যালান টুরিং দুজনকেই গণ্য করা হয়। জন ম্যাকার্থি 'কৃত্রিম বুদ্ধিমত্তা' (Artificial Intelligence) শব্দটি প্রচলন করেন। অন্যদিকে অ্যালান টুরিংকে তাত্ত্বিক কম্পিউটার প্রকৌশল এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ভিত্তি স্থাপনের জন্য AI তথা 'কৃত্রিম বুদ্ধিমত্তা' ধারণার জনক বিবেচনা করা হয়, বিশেষ করে তার ১৯৫০ সালের 'টুরিং টেস্ট'-এর জন্য।

192. ট্যারিফ কমিশন কোন মন্ত্রণালয়ের অধীন?

(ক) অর্থ মন্ত্রণালয়
(খ) শিল্প মন্ত্রণালয়
(গ) বাণিজ্য মন্ত্রণালয়
(ঘ) পরিকল্পনা মন্ত্রণালয়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, যা ১৯৭৩ সালের ২৮ জুলাই প্রতিষ্ঠিত হয়। এর প্রধান কাজ হলো আমদানি শুল্কসংক্রান্ত বিষয়ে সরকারকে পরামর্শ দেওয়া, আন্তর্জাতিক বাণিজ্যের প্রভাব বিশ্লেষণ করা এবং দেশীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ করা।

193. আগে কী সুন্দর দিন কাটাইতাম— চরণটি দ্বারা বুঝানো হয়েছে—

(ক) আগের দিন সুখের ছিল
(খ) আগে মানুষ নির্লোভ ছিল
(গ) পূর্বে মানুষ সমৃদ্ধ ছিল
(ঘ) অতীতে মানুষ সহানুভূতিশীল ছিল

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 'আগে কী সুন্দর দিন কাটাইতাম' বাউল সম্রাট শাহ আবদুল করিম রচিত বিখ্যাত একটি গান। গানটি অতীতের সম্প্রীতিপূর্ণ দিনগুলোর স্মৃতিচারণকে তুলে ধরে। বাউল, ঘাটু, গাজীর গান ইত্যাদির মাধ্যমে ধর্ম-বর্ণ নির্বিশেষে সব মানুষের সমান অংশগ্রহণ বর্ণিত হয়েছে। এভাবে গানটিতে অতীতের সুখী দিনগুলোকে বোঝানো হয়েছে।

194. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ নয়?

(ক) পিচাশ
(খ) রিসকা
(গ) ফাল
(ঘ) রাইত

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: উচ্চারণের সময় শব্দস্থিত ধ্বনি স্থান পরিবর্তন করলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন : পিশাচ > পিচাশ, রিকশা > রিসকা, লাফ > ফাল ইত্যাদি। অন্যদিকে, রাইত (রাতি > রাইত) অপিনিহিতির উদাহরণ।

195. ব্রজবুলি ভাষার ব্যবহার কোথায় দেখা যায়?

(ক) পদ্মাবতী
(খ) ভানুসিংহের পদাবলী
(গ) রামায়ণ
(ঘ) ইউসুফ-জোলেখা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' রবীন্দ্রনাথ ঠাকুরের ব্রজবুলি ভাষায় রচিত একটি কাব্যগ্রন্থ। রবীন্দ্রনাথ কৈশোর ও প্রথম যৌবনে 'ভানুসিংহ ঠাকুর' ছদ্মনামে বৈষ্ণব কবিদের অনুকরণে কিছু পদ রচনা করেছিলেন। ১৮৮৪ সালে সেই কবিতাগুলোই 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' নামে প্রকাশিত হয়।

196. যদি $\tan\theta = 1$ হয়, তবে $\sin\theta - \cos(-\theta)$ এর মান কত?

(ক) $\sqrt{1}$
(খ) 0
(গ) $\sqrt{2}$
(ঘ) 1

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: দেওয়া আছে, $\tan\theta = 1$

$\Rightarrow \sin\theta / \cos\theta = 1$

$\Rightarrow \sin\theta = \cos\theta$

প্রদত্ত রাশি, $\sin\theta - \cos(-\theta)$

$= \sin\theta - \cos\theta$ [$\because \cos(-\theta) = \cos\theta$]

$= \sin\theta - \sin\theta$

$= 0$

197. Rupa is a bright student. Here 'bright' is a/an—

(ক) Pronoun
(খ) Adjective
(গ) Noun
(ঘ) Adverb

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Bright (প্রতিভাবান) এখানে adjective। কেননা এটি student (noun)-কে modify করেছে। Adjective সাধারণত noun বা pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা এসব বুঝিয়ে modify করে।

198. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?

BCS PIONEER

ক ১৩৬তম

খ ১৩৭তম

গ ১৩৮তম

ঘ ১৩৯তম

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য। ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ জাতিসংঘের ২৯তম অধিবেশনে সদস্যপদ লাভ করে।

BCS PIONEER

বিষয়/টপিক: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (EED)-এর উপসহকারী প্রকৌশল (সিভিল): ২৭-০৯-২০২৫ ইং

মোট প্রশ্ন: 19 টি

1. 'কী সুন্দর ফুল!'- এখানে 'কী' কোন পদকে নির্দেশ করে?

(ক) বিশেষ্য
(খ) বিশেষণ
(গ) সর্বনাম
(ঘ) অব্যয়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
সর্বনাম পদরূপে এবং বিশেষণ ও ক্রিয়া-বিশেষণ পদরূপে 'কী' শব্দটি ঈ-কার দিয়ে লেখা হয়। প্রশ্নোক্ত বাক্যে 'কী সুন্দর ফুল'-এর 'কী' বিশেষণ পদকে নির্দেশ করছে।
আরও উদাহরণ:

- কী আনন্দ।,
- কী দুরাশা।

অন্যদিকে অব্যয় পদরূপে ই-কার দিয়ে 'কি' শব্দ লেখা হয়। যেমন- সে কি এসেছিল?

2. He was absent _____ the introductory meeting.He was absent the introductory meeting.

(ক) in
(খ) from
(গ) away
(ঘ) on

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
কোনো স্থানে বা কোনো অনুষ্ঠানে অনুপস্থিত থাকা বোঝাতে absent-এর পর preposition হিসেবে from ব্যবহৃত হয়।

3. কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?

(ক) সধবা
(খ) গীতিকা
(গ) মা
(ঘ) প্রথমা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
নিত্য স্ত্রীবাচক শব্দ বলতে শুধু স্ত্রীবাচক শব্দ বোঝায়, কখনো পুরুষবাচক হয় না।
যেমন: সধবা, বিধবা, কুলটা, অন্তঃসত্ত্বা, সৎমা, বন্ধ্যা, বাইজি, সতীন ইত্যাদি।

4. It is high time we _____ the people conscious about our national interest.

(ক) must make
(খ) made
(গ) should make
(ঘ) have to make

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
It is high time, It is time ইত্যাদির পর subject-এর সাথে verb-এর past form বসে। তাই এখানে সঠিক উত্তর made.

5. 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময় পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি।'- উক্তিটি কার?

(ক) জীবনানন্দ দাশ
(খ) রফিক আজাদ
(গ) সুকান্ত ভট্টাচার্য
(ঘ) সুভাষ মুখোপাধ্যায়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
"ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি"- উক্তিটি কিশোর কবি *সুকান্ত ভট্টাচার্যের।*
এটি তার বিখ্যাত কবিতা 'হে মহাজীবন'-এর চরণ। কবিতাটি তার প্রথম কাব্যগ্রন্থ 'ছাড়পত্র'-এর (১৯৪৭) অন্তর্ভুক্ত।

6. 'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে'- এই বাক্যে 'বিনা' শব্দের ব্যাকরণিক শ্রেণি কোনটি?

(ক) বিশেষ্য
(খ) সর্বনাম
(গ) অনুসর্গ
(ঘ) যোজক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: অনুসর্গ:
বাংলা ভাষায় যে অব্যয়গুলো কখনো স্বাধীন পদরূপে আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে সেগুলোকে অনুসর্গ বলে।
যেমন: - দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে,
- মায়ের সঙ্গে কারো তুলনা হয় না, - সীমার মাঝে অসীম তুমি,
- প্রতি কেজি চাল সত্তর টাকা ইত্যাদি।

7. প্রমথ চৌধুরীর 'বীরবলী' ভাষারীতির প্রচার মাধ্যম কোনটি?

BCS PIONEER

(ক) শিষ্য (খ) ভারতী

(গ) সবুজপত্র (ঘ) সংবাদ প্রভাকর

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
প্রমথ চৌধুরীর 'বীরবলী' ভাষারীতির প্রচার মাধ্যম ছিল 'সবুজপত্র' পত্রিকা।

- ১৯১৪ সালে এ পত্রিকাটি প্রকাশিত হয়। বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তন তিনি এ পত্রিকার মাধ্যমে করেন।

- চলিত রীতির সাহিত্যচর্চায় তিনি নিজে যে রীতি তৈরি করেছিলেন তা 'বীরবলী রীতি' নামে পরিচিত ছিল।

- 'সবুজপত্র' পত্রিকার মাধ্যমে তিনি এ ভাষার প্রচার করেন।

- তার বীরবলী গদ্যের বৈশিষ্ট্য ছিল সাধুভাষার কৃত্রিমতা বর্জিত ইউরোপীয় সাহিত্য প্রভাবিত সূক্ষ্ম যুক্তি ও হাস্যরসযুক্ত গদ্য।

8. কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?

(ক) তেপান্তর (খ) নদীমাতৃক

(গ) ছলচাতুরি (ঘ) মধুমাখা

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: তৎপুরুষ সমাস:

পূর্বপদে তৃতীয়া বিভক্তি (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয় তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে।

যেমন: - মধু দ্বারা মাখা = মধুমাখা, - শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ,

- মন দ্বারা গড়া = মনগড়া, - ঢেঁকি দ্বারা ছাঁটা = ঢেঁকিছাঁটা ইত্যাদি।

9. ইরানের আইনসভার নাম কী?

(ক) মজলিস (খ) সুরা

(গ) কংগ্রেস (ঘ) নেসেট

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
ইরানের আইনসভার নাম *ন্যাশনাল কনসালটেটিভঅ্যাসেম্বলি বা মজলিস।*

অন্যদিকে, - যুক্তরাষ্ট্রের কংগ্রেস, - ইসরায়েলের নেসেট এবং

- জাপানের আইনসভার নাম ডায়েট।

10. আল-জাজিরার স্যাটেলাইট টেলিভিশনের প্রধান সম্প্রচার কেন্দ্র কোন দেশে অবস্থিত?

(ক) কুয়েত (খ) ওমান

(গ) কাতার (ঘ) ইরান

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
আল-জাজিরা স্যাটেলাইট টেলিভিশনের প্রধান সম্প্রচার কেন্দ্র কাতারের দোহায় অবস্থিত।

- ১ নভেম্বর ১৯৯৬, কাতারের তৎকালীন আমির হামাদ বিন খলিফা আল থানি কর্তৃক এই গণমাধ্যমটি প্রতিষ্ঠিত হয়।

11. The word 'mimicry' is a/an-

(ক) verb (খ) noun

(গ) adjective (ঘ) adverb

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Mimicry (অনুকরণ, নকল, অনুকৃতি) শব্দটি একটি noun.

12. হাইফা কোন দেশের সমুদ্র বন্দর?

(ক) সিরিয়া (খ) মিসর

(গ) ইরান (ঘ) ইসরায়েল

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: হাইফা ইসরায়েলের সমুদ্র বন্দর। অন্যদিকে,

- বন্দর আব্বাস ও আবাদান ইরানের লাতাকিয়া সিরিয়ার এবং

- আলেকজান্দ্রিয়া ও পোর্ট সৈয়দ মিসরের উল্লেখযোগ্য সমুদ্র বন্দর।

13. 'Quota' শব্দের বাংলা পরিভাষা কী?

(ক) যথাংশ (খ) মূলাংশ

(গ) স্বল্পাংশ (ঘ) উপাংশ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 'Quota' শব্দের বাংলা পরিভাষা 'যথাংশ'।
আরও কিছু গুরুত্বপূর্ণ পরিভাষা:

- Rank - পদমর্যাদা,
- Pedagogy - শিক্ষাতত্ত্ব,
- Subconscious - অবচেতন,
- Quarterly -ত্রৈমাসিক,
- Township - উপশহর ইত্যাদি।

14. You had better _____ this city.

(ক) leave (খ) to have left

(গ) left (ঘ) to leave

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: Had better - যুক্ত sentence-এ এরপর verb-এর base form বসে। তাই এখানে সঠিক উত্তর: leave.

15. The synonym of the word 'indolent' is-

(ক) boring
(খ) humble
(গ) disinterested
(ঘ) lethargic

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Indolent অর্থ অলস, শ্রমবিমুখ। অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে এর সঠিক synonym হচ্ছে *lathergic (অলস)*।
অন্যদিকে,

- boring - বিরক্তিকর,
- disinterested - নিরপেক্ষ বা নিঃস্বার্থ এবং
- humble - বিনয়ী।

16. রাজা রামমোহন রায় সম্পাদিত পত্রিকার নাম কী?

(ক) সম্বাদ কৌমুদী
(খ) সমাচার দর্পণ
(গ) বেঙ্গল গেজেট
(ঘ) সংবাদ প্রভাকর

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: রাজা রামমোহন রায় সম্পাদিত পত্রিকা *'সম্বাদ কৌমুদী'*।
- ১৮২১ সালে প্রতিষ্ঠিত সাপ্তাহিক পত্রিকাটি ১৮৩৪ সাল পর্যন্ত প্রকাশিত হয়েছিল।
- এ পত্রিকাটি সতীদাহ প্রথার বিরুদ্ধে জনমত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল।
- তিনি 'ব্রাহ্মণ সেবধি' (১৮২১) নামে আরও একটি পত্রিকা সম্পাদনা করেন।

17. সংবিধানের কোন ধারাতে জরুরি অবস্থা জারির বিধান রয়েছে?

(ক) ১৩১ ক
(খ) ১৩২ ক
(গ) ১৪১ ক
(ঘ) ১৪২ ক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের *১৪১ (ক)* অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি যুদ্ধ, অভ্যন্তরীণ গোলযোগ বা অন্য কোনো বিপদের আশঙ্কা করলে প্রধানমন্ত্রীর সাথে পরামর্শক্রমে অনধিক ১২০ দিনের জন্য জরুরি অবস্থা জারি করতে পারেন।

18. As the sun _____ I decided to go out.

(ক) shines
(খ) has shone
(গ) was shining
(ঘ) shone

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
অতীতে কোনো একটি কাজ চলার সময় অন্য একটি কাজ ঘটলে যে কাজটি চলছিল সে কাজটি past continuous tense এ হয়। Main clause টি past tense এ থাকলে subordinate clause টি অবশ্যই past tense হবে।
সুতরাং নিয়মানুযায়ী শূন্যস্থানে was shining বসবে।

19. কোয়াড (QUAD) ভুক্ত দেশ নয় কোনটি?

(ক) ভারত
(খ) জাপান
(গ) মালয়েশিয়া
(ঘ) যুক্তরাষ্ট্র

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
কোয়াড্রিল্যাটারাল সিকিউরিটি ডায়ালগ বা কোয়াড (QUAD) হলো চারটি দেশের একটি জোট, যার সদস্য হলো-
ভারত, যুক্তরাষ্ট্র, জাপান ও অস্ট্রেলিয়া।
এই দেশগুলোর মধ্যে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে কৌশলগত সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে একটি অনানুষ্ঠানিক নিরাপত্তা সংলাপ ও অংশীদারিত্ব রয়েছে।

BCS PIONEER